২০। প্রাচীন ভারতের একটি বিখ্যাত সামুদ্রিক বন্দরের নাম কী — তাম্রলিপ্ত (এখনকার তমলুক)।

## ভূগোল

২১। কোন দেশকে 'মৌসুমী বায়ুর দেশ' বলে — ভারত।

২২। পশ্চিমঘাট পর্বতের কোন অংশকে 'বৃষ্টিচ্ছায় অঞ্চল' বলে — পূর্বাংশ।

২৩। যমুনা নদীর দৈর্ঘ্য কত — প্রায় ১,৩০০ কিলোমিটার।

২৪। সবরমতী নদী কোথা থেকে উৎপন্ন হয়েছে — আরাবল্লী পর্বতশ্রেণি।

২৫। 'লুনি' নদীর উপনদী কী কী — সুকরী ও জাওয়াই।

২৬। কেরল উপকূলের জলাভূমি কী নামে পরিচিত — ব্যাক ওয়াটার্স।

২৭। ভারতের প্রাচীনতম পর্বতের নাম কী — আরাবল্লী।

২৮। বিশ্বের বৃহত্তম নদী দ্বীপ কোনটি — মাজুলির বালুচর।

২৯। 'ল্যাপিস লাজুলী' কী — এক ধরণের মূল্যবান রত্ন।

৩০। 'কলোরাডো মালভূমি' কোথায় আছে — মার্কিন যুক্তরাষ্ট্রে।

## রাষ্ট্রনীতি

৩১। ভারতের কোন রাজ্যে প্রথম রাষ্ট্রপতি শাসন জারি হয় — পঞ্জাব।

৩২। ভারতের প্রথম ভ্রাম্যমান আদালত কোন রাজ্যে শুরু হয় — হরিয়ানা।

৩৩। ভারতের কোন প্রধানমন্ত্রীর মন্ত্রিসভায় ২ জন উপ-প্রধানমন্ত্রী ছিলেন — মোরারজি দেশাই (২ জন উপ-প্রধানমন্ত্রী হলেন — চরণ সিং ও জগজীবন রাম)।

৩৪। 'অভিলেখ আদালত' কথাটি কোন আইনব্যবস্থা থেকে নেওয়া হয়েছে — ব্রিটিশ।

৩৫। ভারতের সুপ্রিম কোর্টের প্রথম মহিলা বিচারক কে — মীরা সাহিব ফতিমা বিবি।

৩৬। কোন কমিটির সুপারিশের ভিত্তিতে 'কেন্দ্রীয় ভিজিল্যান্স কমিশন' গঠন করা হয় — শান্তানাম কমিটি (১৯৬২ সাল)।

## অর্থনীতি

৩৭। কে সম্প্রতি ৪৪ বিলিয়ন মার্কিন ডলারের বিনিময়ে, বিশ্বের অন্যতম



জনপ্রিয় সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম 'ট্যুইটার' কিনে নিলেন — 'টেসলা'র কর্ণধার এলন মাস্ক।

৩৮। 'টিভিএস মোটর কোম্পানি'র ম্যানেজিং ডিরেক্টর হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — সুদর্শন ভেনু।

৩৯। অনলাইন ঋণ প্ল্যাটফর্ম 'ইন্ডিফি টেকনোলজিস প্রাইভেট লিমিটেড'এর উপদেষ্টা হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — 'ভারতীয় স্টেট ব্যাঙ্ক'এর প্রাক্তন চেয়ারম্যান রজনীশ কুমার।

৪০। কোন সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম এবার থেকে বাণিজ্যিক ও সরকারি ব্যবহারকারীদের কাছ থেকে নমিনাল ফি নেবে — ট্যুইটার।

৪১। 'শিবালিক স্মল ফিনান্স ব্যাঙ্ক'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — আনশুল স্বামী।

## সাম্প্রতিক ঘটনা

৪২। 'নেপচুন' নামে অ্যান্টি-শিপ ক্রুজ মিসাইলটি কোন দেশের — ইউক্রেন।

৪৩। সম্প্রতি ভারতের কোন রাজ্যে আফ্রিকান সোয়াইন জ্বর শনাক্ত করা হয়েছে — ত্রিপুরা।

৪৪। 'নীতি আয়োগ'এর ভাইস চেয়ারম্যান হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — ড.সুমন কে.বেরি।

৪৫। আইভরি কোস্টের প্রধানমন্ত্রী এখন কে — প্যাট্রিক আচি।

৪৬। ২০২২ সালে কে নতুন গ্লোবাল পিস অ্যাম্বাসাডর হিসাবে ভূষিত হলেন — বিশ্বব্যাপী ব্যবসায়িক পেশাদার ববিতা সিং (শিক্ষা, খেলাধুলা, শিল্প, সংস্কৃতি ও কূটনীতির মাধ্যমে শান্তির প্রচারে অসামান্য অবদানের জন্য এই সম্মান পেলেন তিনি)।

৪৭। 'ইন্দো-আমেরিকান চেম্বার অফ কমার্স'এর তরফ থেকে, কে সম্প্রতি মর্যাদাপূর্ণ 'এন্টারপ্রেনার লিডারশিপ পুরস্কার'এর জন্য মনোনীত হলেন — 'জেনারেল অ্যাটমিক্স গ্লোবাল কর্পোরেশন'এর ভারতীয়-মার্কিনি চিফ এক্সিকিউটিভ বিবেক লাল (প্রতিরক্ষা খাতে অবদানের স্বীকৃতি হিসাবে এই সম্মান পাচ্ছেন তিনি)।

৪৮। কোথায় সম্প্রতি ভারতের প্রথম ৯৯.৯৯৯% বিশুদ্ধ সবুজ হাইড্রোজেন প্ল্যান্ট স্থাপন করল 'অয়েল ইন্ডিয়া লিমিটেড' — অসমের জোড়হাট পাম্প স্টেশনে (প্ল্যান্টটির প্রতিদিন ১০ কেজি সবুজ হাইড্রোজেন উৎপাদন করার ক্ষমতা রয়েছে)।

৪৯। 'জাতীয় পঞ্চায়েতি রাজ দিবস' কবে পালিত হয় — ২৪ এপ্রিল।

৫০। দিল্লির নতুন রাজ্য নির্বাচন কমিশনার হিসাবে সম্প্রতি কে শপথ নিলেন — বিজয় কুমার দেব।

৫১। দিল্লির মুখ্য সচিব হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — নরেশ কুমার।

৫২। কেন্দ্রীয় সরকারের প্রধান বৈজ্ঞানিক উপদেষ্টা হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — অজয় কুমার সুদ।

৫৩। নিরবচ্ছিন্ন ইন্টারনেট পরিষেবা দিতে, দেশের প্রথম রাজ্য হিসাবে কোন রাজ্য সম্প্রতি 'এল-রুট সার্ভার' ইনস্টল করল — রাজস্থান।

৫৪। বিভিন্ন ভাষায় শিক্ষা দিতে, কোথায় সম্প্রতি 'ই-কিতাব কোশ' নামে একটি ই-লাইব্রেরি উদ্যোগ চালু করা হল — জম্মু ও কাশ্মীর।

৫৫। রাজ্যের শিক্ষার্থীদের উচ্চশিক্ষা গ্রহণে উৎসাহিত করতে, ভারতের কোন রাজ্য সরকার জুলাই থেকে 'গুরুজী স্টুডেন্ট ক্রেডিট কার্ড' চালু করতে চলেছে — ঝাড়খণ্ড সরকার।

৫৬। মার্কিন যুক্তরাষ্ট্রের ভাইস-প্রেসিডেন্ট কমলা হ্যারিসের প্রতিরক্ষা উপদেষ্টা হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — ভারতীয় বংশোদ্ভূত শান্তি শেঠি।

৫৭। ভারতীয় সেনাবাহিনীর পরবর্তী ডিরেক্টর জেনারেল অফ মিলিটারি



অপারেশনস হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — লেফটেন্যান্ট জেনারেল মনোজ কুমার কাটিয়ার।

৫৮। 'প্রক্টর অ্যান্ড গ্যাম্বল ইন্ডিয়া'র চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — এল.ভি. বৈদ্যনাথন।

৫৯। কর্ণাটকের প্রাক্তন মুখ্যমন্ত্রী বুকানাকেরে সিদ্দালিঙ্গাপ্পা ইয়েদুরাপ্পার নামে কোন বিমানবন্দরের নামকরণ করা হবে — শিবমোগ্গা বিমানবন্দর।

৬০। ভারতের প্রথম 'ইনক্রেডিবল ইন্ডিয়া আন্তর্জাতিক ক্রুজ সম্মেলন ২০২২' আয়োজন করবে কোন শহর — মুম্বই।

৬১। কোথায় সম্প্রতি 'হু গ্লোবাল সেন্টার ফর ট্র্যাডিশনাল মেডিসিন'এর ভিত্তিপ্রস্তর স্থাপন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী — গুজরাতের জামনগর।

৬২। কোথায় সম্প্রতি ভারতের প্রথম পোর্টেবল সোলার রুফটপ সিস্টেমের উদ্বোধন হল — গুজরাতের গান্ধীনগরের 'স্বামীনারায়ণ অক্ষরধাম মন্দির কমপ্লেক্স'এ।

৬৩। কোথায় সম্প্রতি বিশ্বের বৃহত্তম বৈদ্যুতিক তিন-চাকা তৈরির কারখানা স্থাপন করার সিদ্ধান্ত নিল মার্কিন যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ায় অবস্থিত 'বিলিতি ইলেক্ট্রিক ইনকর্পোরেটেড' — তেলেঙ্গানা।

৬৪। 'অয়েল অ্যান্ড ন্যাচারাল গ্যাস কর্পোরেশন'এর ডিরেক্টর (ফিনান্স) ও চিফ ফিনান্সিয়াল অফিসার হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — পমিলা জসপাল।

৬৫। কাকে সম্প্রতি ভারতের কান্ট্রি হেড হিসাবে মনোনীত করল 'উইপ্রো' — সত্য ঈশ্বরন।

৬৬। ২০২২ সালে কে 'ম্যালকম আদিশেশিয়া পুরস্কার'এর জন্য মনোনীত হলেন — প্রখ্যাত ভারতীয় মার্কসবাদী অর্থনীতিবিদ ও রাজনৈতিক ভাষ্যকার প্রভাত পটনায়েক।

৬৭। 'অ্যাডভার্টাইজিং স্ট্যান্ডার্ডস কাউন্সিল অফ ইন্ডিয়া'র চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — মনীশা কাপুর।

৬৮। হিমাচল প্রদেশকে লাদাখের জান্সকার উপত্যকার সঙ্গে সংযুক্ত করতে, কোন সংস্থা সম্প্রতি বিশ্বের সর্বোচ্চ টানেল তৈরি করার সিদ্ধান্ত নিল — বর্ডার রোডস অর্গানাইজেশন।

৬৯। 'ইউনিসেফ'এর ইউওয়াহ বোর্ডের কো-চেয়ারম্যান হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — অশ্বিন ইয়ার্দি।

৭০। মার্কিনি ব্যবসায়িক পত্রিকা 'ফোর্বস'এর তালিকা অনুযায়ী, কিংবদন্তি মার্কিনি ধনকুবের ওয়ারেন বাফেটকে অতিক্রম করে, কে সম্প্রতি বিশ্বের পঞ্চম ধনী ব্যক্তির শিরোপা পেলেন — 'আদানি গ্রুপ'এর চেয়ারম্যান গৌতম আদানি (তাঁর মোট সম্পদের মূল্য ১২৩.৭ বিলিয়ন মার্কিন ডলার)।

৭১। কোথায় সম্প্রতি ভারতের বৃহত্তম 'ফুলফিলমেন্ট সেন্টার' চালু করল ই-কমার্স ফার্ম 'ফ্লিপকার্ট' — পশ্চিমবঙ্গের হরিণঘাটায়।

৭২। ২০২২ সালে ষষ্ঠ 'এন্টারপ্রেনার অ্যান্ড লিডারশিপ পুরস্কার'এ, 'ইন্দো-আমেরিকান চেম্বার অফ কমার্স'এর তরফ থেকে কে 'উওমেন ট্রান্সফর্মিং ইন্ডিয়া' পুরস্কার পেলেন — 'মোদী এন্টারপ্রাইজেস'এর চেয়ারপার্সন ড. বিনা মোদী।

৭৩। কোথায় সম্প্রতি ভারতে প্রথম ১০০% ডিজিটাল বাস পরিষেবা চালু হল — মুম্বই।

৭৪। বালি ও অন্যান্য খনিজ সামগ্রী বহনকারী যানবাহনগুলিকে ট্র্যাক করতে, ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি 'ভেহিক্যাল মুভমেন্ট ট্র্যাকিং সিস্টেম' মোবাইল অ্যাপ চালু করল — হরিয়ানা।

৭৫। ভারতের নতুন সেনাপ্রধান হিসাবে



সম্প্রতি কে মনোনীত হলেন — লেফটেন্যান্ট জেনারেল মনোজ পাণ্ডে।

৭৬। ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি 'ই-অধিগম' প্রকল্প চালু করল — হরিয়ানা সরকার (প্রকল্পটির অধীনে, রাজ্যের সরকারি স্কুলের দশম ও দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের প্রায় ৩ লাখ ট্যাবলেট বিতরণ করা হয়েছে)।

## খেলাধূলা

৭৭। কোন ২ ভারতীয় ক্রিকেটার সম্প্রতি ২০২২ সালে ক্রিকেট রেফারেন্স বই 'উইসডেন ক্রিকেটার্স অ্যালমানাক'এর (যুক্তরাজ্য থেকে প্রকাশিত) বিচারে, বছরের সেরা ৫ ক্রিকেটারের তালিকায় স্থান পেলেন — ভারত অধিনায়ক রোহিত শর্মা ও ফাস্ট বোলার জসপ্রীত বুমরাহ।

৭৮। কে সম্প্রতি এশিয়া মহাদেশের প্রথম মহিলা সাঁতারু হিসাবে, প্রায় ৪৩ কিলোমিটার দীর্ঘ মার্কিন মুলুকের



বিখ্যাত 'মলোকাই চ্যানেল' জয় করে ইতিহাস গড়লেন — বাংলা তথা পূর্ব বর্ধমান জেলার কালনার বাসিন্দা ২৪ বছর বয়সি মহিলা সাঁতারু সায়নী দাস।

৭৯। কোন দল সম্প্রতি ১১ তম 'সিনিয়র পুরুষদের জাতীয় হকি চ্যাম্পিয়নশিপ'এ চ্যাম্পিয়ন হল — হরিয়ানা (তামিলনাড়ুকে শ্যুটআউটে ৩-১ ব্যবধানে হারিয়ে)।

৮০। ডেনমার্কের কোপেনহেগেনে, 'ড্যানিশ ওপন সুইমিং'এ পুরুষদের ২০০ মিটার বাটারফ্লাইয়ে কে সম্প্রতি সোনার পদক পেলেন — ভারতীয় সাঁতারু সজন প্রকাশ (তিনি সময় নিয়েছেন ১:৫৯:২৭)।

৮১। 'ড্রিম স্পোর্টস ফাউন্ডেশন' সম্প্রতি 'ড্রিমজ্যাব' কর্মসূচি চালু করার জন্য কোন ক্রীড়াবিদের সঙ্গে অংশীদারিত্ব করল — মেরি কম।

৮২। ২০২২ সালে কোন দল 'সিকে নাইডু ট্রফি'তে চ্যাম্পিয়ন হল — মুম্বই (বিদর্ভকে ৭৫ রানে হারিয়ে)।

৮৩। ইংল্যান্ডের নতুন টেস্ট অধিনায়ক হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — বেন স্টোকস।

৮৪। ২০২২ সালে কে ইতালিতে ফর্মূলা ওয়ান 'এমিলিয়া-রোমাগনা গ্রাঁ প্রি' জিতলেন — নেদারল্যান্ডসের ম্যাক্স ভারস্তাপেন (রেড বুল)।

৮৫। ২০২২ সালে কে 'লরিয়াস বর্ষসেরা পুরুষ ক্রীড়াবিদ'এর সম্মান পেলেন — ফর্মূলা ওয়ান চ্যাম্পিয়ন ম্যাক্স ভারস্তাপেন।

৮৬। 'এশিয়ান কুস্তি চ্যাম্পিয়নশিপ'এ পুরুষদের ফ্রিস্টাইল ৮৬ কেজি বিভাগে কে সম্প্রতি রুপোর পদক পেলেন — দীপক পুনিয়া।

৮৭। ২০২২ সালে 'সার্বিয়া ওপেন'এ পুরুষদের সিঙ্গলসে কে চ্যাম্পিয়ন হলেন — রাশিয়ান টেনিস তারকা আন্দ্রে রুবলেভ (সার্বিয়ান টেনিস তারকা নোভাক জকোভিচকে ৬-২, ৭ (৪-৭) ও ৬-০ ব্যবধানে হারিয়ে)।

সঙ্কলক : পলি দে

## সরকার স্বীকৃত স্যানিটরি ইন্সপেক্টর কোর্সে ভরতি

কলকাতার ইন্ডিয়ান ইনস্টিটিউট ফর হেলথ ট্রেনিং কেন্দ্রীয় সরকার স্বীকৃত স্যানিটরি ইন্সপেক্টর অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সে ভরতি নিচ্ছে। যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা কম্পিউটারের বেসিক সার্টিফিকেট থাকলে স্যানিটারি ইন্সপেক্টরের অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সে ভরতি হতে পারেন। ১ বছরের কোর্স। অন্যদিকে, বিজ্ঞান শাখার উচ্চমাধ্যমিক বা সমতুল কোর্স পাশ ছেলেমেয়েরা মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজির (ডিএমএলটি) ডিপ্লোমা কোর্সে ভরতির জন্য আবেদন করতে পারেন। ২ বছরের কোর্স। আইআইএইচটির অধ্যক্ষ রামনারায়ণ মণ্ডল জানান, প্রথম কোর্সটি পড়ে রেল, পুরসভা পুরনিগম, পোর্ট, ডিভিসিসহ বিভিন্ন স্বাস্থ্য দফতরে চাকরি পেতে পারেন। ডিএমএলটি কোর্স পাশ করার পর সরকারি ও বেসরকারি হাসপাতাল, প্যাথোলজিক্যাল লাবরেটরিতে চাকরি পাওয়া যায়। এছাড়াও নিজেরাও ল্যাবরেটরি খুলে রোজগার করতে পারেন। এই ২টি কোর্স ছাড়াও এখানে স্বল্প মেয়াদি স্বাস্থ্য সংক্রান্ত, বিভিন্ন কোর্স পড়ানো হয়। ভরতির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায়— IIHT 226 B.B. Ganguly Street, Bowbazar, Kol-12, 7003224427, 9051260924, 9836396734, Website - www.iiht.in. 11am to 4pm.

## রাজ্য স্বাস্থ্য দফতরে ৯ হাজার

১ পাতার পর

জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি (জি.এন.এম.) কোর্স পাশ বা, বেসিক বি.এসসি. নার্সিং কোর্স পাশ কিংবা পোস্ট বেসিক বি.এসসি. নার্সিং কোর্স পাশ তরুণ-তরুণীরা 'নার্স' পদের জন্য আবেদন করতে পারেন। পশ্চিমবঙ্গ নার্সিং কাউন্সিলে ফিমেল / মেল নার্স হিসাবে নাম নথিভুক্ত থাকতে হবে। বাংলা বা, নেপালী ভাষায় লিখতে ও পড়তে জানতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ৩৯ বছরের মধ্যে। ল্যাব টেকনিশিয়ান পদের বেলায় মেডিক্যাল ল্যাব টেকনোলজির কোর্স পাশ হতে হবে।

ওপরের সব ক্ষেত্রেই প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ হেলথ রিক্রুটমেন্ট বোর্ড, টেস্ট বা, ইন্টারভিউয়ের মাধ্যমে। সব কিছু ঠিক থাকলে ২০ মে থেকে দরখাস্ত নেওয়া শুরু হবে। দরখাস্ত করবেন অনলাইনে। বিজ্ঞপ্তি বেরোলে দরখাস্ত করবেন এই ওয়েবসাইটে : www.wbhrb.in

## হলদিয়া ইনস্টিটিউটে ৯ চাকরি

হলদিয়া ইনস্টিটিউট অফ হেলথ সায়েন্স অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে ৯ জন লোক নিচ্ছে। মেলে দরখাস্ত করার শেষ তারিখ ২৫ মে। ডাকযোগে দরখাস্ত করার শেষ তারিখ ২৮ মে। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.hihshaldia.in


স্কুল সার্ভিসে অসাধারণ সাফল্যের ঐতিহ্যবাহী সাকসেস সেন্টার এর বনগাঁ ও মধ্যমগ্রামে রেগুলার / অন লাইনে SLST PT ও টেট ক্লাস চলছে

8337000600 / 900

বারাসাতে ঔষধ কোম্পানিতে চাকরি

বারাসাতে অবস্থিত খ্যাতনামা ঔষধ কোম্পানীতে আকর্ষণীয় বেতনে অভিজ্ঞতা সম্পন্ন Chemist এবং নূন্যতম স্নাতক পাশ, স্মার্ট ও অভিজ্ঞতা সম্পন্ন Sales Executives এবং Accountant আবশ্যক। বারাসাতে বসবাসকারী অগ্রগণ্য।

সত্বর CV পাঠান — herbsndrugs@rediffmail.com

9830966485, 7596881248

প্রগতি ITI-এ ভর্তি বহরমপুর ও কৃষ্ণনগরে

NCVT অনুমোদিত বহরমপুর প্রগতি ITI ও কৃষ্ণনগর প্রগতি ITI-এ ২০২২ সেশনে নিচের ট্রেডগুলিতে ভর্তির জন্য যোগাযোগ করুন:

কোর্স : ইলেক্ট্রিশিয়ান ও ফিটার

বহরমপুর : 9434900500

কৃষ্ণনগর : 9434900700

NSIC TECHNICAL SERVICES CENTRE

HOWRAH, WEST BENGAL

UNDER MINISTRY OF MICRO, SMALL & MEDIUM ENTERPRISES SINCE 1955

AFFILIATED TO DGT, NCVT, GOVT. OF INDIA

ISO 9001:2015

LIMITED SEATS AVAILABLE FOR ITI ADMISSION IN 2022-24 SESSION

COURSES OFFERED
- ELECTRICIAN- 2 YEARS
- FITTER- 2 YEARS
- WELDER-1 YEAR
- SURVEYOR-2 YEARS
- DRAUGHTSMAN(MECH.)-2 YEARS
- MACHINIST-2 YEARS

WHY CHOOSE US
- ON JOB TRAINING
- 100% PLACEMENT ASSISTANCE
- MODERNIZED TOOL ROOM
- SMART LABS.
- EXPERIENCED FACULTY



FOR MORE DETAILS: 9038396563, 9153294485, 9679244844

VISIT US AT https://nsic.co.in/NTSC/NTSC-Howrah

BEST IN PLACEMENT

TATA MOTORS · WBSETCL · MARUTI SUZUKI · JAGUAR · Tech Mahindra

পাবলিক লাইব্রেরি পদের নির্ভরযোগ্য বই

- Six Professor : Library and Information Science : A Guide to School Service Examination Rs. 600/-
- Dr. Sudip Ranjan Hatua : Library & Information Science in a Nutshell Rs. 500/-
- Amiya Banerjee : Library & Information Science : Rs. 400/-
- অভিজিৎ চক্রবর্তী ও সুদীপ্ত ঘোষ : গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞানের সন্ধানে Rs.500/-
- ড. সোমনাথ বন্দ্যোপাধ্যায় : গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান MCQs Rs. 350/-
- সঞ্জয় রায়চৌধুরী : গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞানের সামগ্রিক রূপরেখা (MCQ) Rs. 300/-
  : গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞানের পরিক্রমা Rs. 400/-
- তপনকুমার মান্না ও সোমনাথ বন্দ্যোপাধ্যায় : প্রশ্নোত্তরে গ্রন্থাগার বিজ্ঞান Rs. 400/-
- শক্তিশঙ্কর সিংহ মহাপাত্র : প্রশ্নোত্তরে গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞানের রূপরেখা Rs. 400/-
  : গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞানের ম্যানুয়াল (মডেল MCQ-সহ) Rs.500/-
- অনিতা ভট্টাচার্য : গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান Rs. 350/-
- তাপস কুমার বাগ : গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞানের সহায়িকা Rs. 350/-
- সুমিত ঘোষ রায় ও সুজাতা সরকার : প্রশ্নোত্তরে গ্রন্থাগার তথ্যবিজ্ঞান (SSC) Rs. 300/-
- মোঃ মিজানুর রহমান : প্রশ্ন-উত্তরের গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান শিক্ষা Rs.400/-
- লক্ষ্মীনারায়ণ রায় : ইন্টারভিউ লাইব্রেরি ম্যানুয়াল Rs.150/-
- অরুণকুমার শীলশর্মা : ইন্টারভিউ ম্যানুয়াল (নিয়োগ : বিদ্যালয়/সাধারণ গ্রন্থাগার) Rs.150/-

প্রভা প্রকাশনী ১কে, রাধানাথ মল্লিক লেন, কলকাতা - ১২ মোবাইল : ৯৪৩৩১৯৪২১৮

ভর্তি চলছে | প্রসিদ্ধ কর্মমুখী ট্রেনিং ও সহায়তা কেন্দ্র | শিক্ষা সেবা স্বনির্ভরতা

প্রণবানন্দ ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি

ভারত সেবাশ্রম সঙ্ঘ গভর্নমেন্ট ও ইউনিভার্সিটি স্বীকৃত ★ ISO Certified

NETAJI SUBHAS OPEN UNIVERSITY

Diploma | Advance Diploma (PG) | Certificate | Vocational Courses

1. Tailoring & Dress Designing ↔ (WB-SSC-তে বসার সুযোগ)
2. Fire Safety Security & Disaster Management ↔ (সর্বোচ্চ কর্মরত)
3. Pre-Primary Teachers'- Montessori ↔ (নয়া শিক্ষানীতির সুযোগ)
4. Yoga Therapies & Naturopathy ↔ (স্কুল/কলেজ ইন্সট্রাক্টর, টিচার সুযোগ ও কেয়ার সেন্টার)
5. Fitness & Sports Mngt ↔ (সরকারি নিয়মে স্বীকৃতি জিম ট্রেনার ও খেলার কোচ)
6. Beautician & Wellness ↔ (সেলুন, পার্লারে কাজের সুযোগ ও নিজ রোজগার)

Advance / Diploma in Business Administration

Specialisation in Office / Retail / HR / Travel Tourism / Event / Logistics / Banking Insurance / Safety Security / IT - Data & Digital Mktg.

Study Centres • Kolkata • Diamond Harbour • Barasat-Hridaypur • Malda • Bardhaman • Farakka • Khatra-Bankura • Raiganj • Purulia

Admission / Pre-Counselling 9331256934 / 9830216056 / 033 3590 9956

Visit : www.pimtonline.in | PIMT TV | Mail:pimtonline@gmail.com

SEBA INSTITUTE OF NURSING

Recognized by Govt. of W.B, Affiliated by WBNC & INC

Bolpur (Santiniketan), Birbhum- 731236



সুবর্ণ সুযোগ সুবর্ণ সুযোগ সুবর্ণ সুযোগ

FREE

EXAMS SUGGESTION

GNM ◆ B.Sc. Nursing-এ

যারা WBJEE / JENPAS-UG পরীক্ষায় বসছেন তাদের জন্য বিশেষ সুবর্ণ সুযোগ। আমাদের প্রতিষ্ঠান থেকে অভিজ্ঞ শিক্ষক শিক্ষিকা দ্বারা প্রস্তুত last minute suggestion online এর মাধ্যমে সম্পূর্ণ বিনামূল্যে সরবরাহ করা হচ্ছে, যাতে ছাত্রছাত্রীরা আসন্ন পরীক্ষায় ভালো ফল লাভ করতে পারে ও প্রথমদিকে Rank পেতে পারে।

যোগাযোগ : বল্লভপুর, বোলপুর (শান্তিনিকেতন), বীরভূম

M: 8927925499 / 8250433066

## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

গত সপ্তাহের পর

❑ মরিশাসের প্রধানমন্ত্রী প্রবিন্দ কুমার জুগনাথ ও 'বিশ্ব স্বাস্থ্য সংস্থা'র প্রধান ড.টেড্রোস ঘেব্রিয়েসাসের উপস্থিতিতে, গুজরাতের জামনগরে 'হু গ্লোবাল সেন্টার ফর ট্র্যাডিশনাল মেডিসিন'এর ভিত্তিপ্রস্তর স্থাপন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বিশ্বজুড়ে ঐতিহ্যবাহী ওষুধের জন্য প্রথম ও একমাত্র গ্লোবাল কেন্দ্র হতে চলেছে এটি। বিশ্বব্যাপী সুস্থতার উপায় খুঁজতে একটি আন্তর্জাতিক কেন্দ্র হিসাবে গড়ে তোলা হচ্ছে এটিকে।

**২০ এপ্রিল** : আইভরি কোস্টের প্রধানমন্ত্রী হিসাবে পুনর্নির্বাচিত হলেন প্যাট্রিক আচি।

❑ দিল্লির মুখ্য সচিব হিসাবে মনোনীত হলেন নরেশ কুমার।

❑ কেন্দ্রীয় সরকারের প্রধান বৈজ্ঞানিক উপদেষ্টা হিসাবে মনোনীত হলেন পদার্থবিদ অজয় কুমার সুদ।

❑ ভারতীয় সেনাবাহিনীর পরবর্তী ডিরেক্টর জেনারেল অফ মিলিটারি অপারেশনস হিসাবে মনোনীত হলেন লেফটেন্যান্ট জেনারেল মনোজ কুমার কাটিয়ার।

❑ 'প্রক্টর অ্যান্ড গ্যাম্বল ইন্ডিয়া'র চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে মনোনীত হলেন এল.ভি.বৈদ্যনাথন।

❑ শিপিং ও পর্যটন খাতের উন্নতিকরণে, ভারতের প্রথম 'ইনক্রেডিবল ইন্ডিয়া আন্তর্জাতিক ক্রুজ সম্মেলন ২০২২' আয়োজন করবে মুম্বই। ১৪ ও ১৫ মে; কেন্দ্রীয় বন্দর, নৌপরিবহণ ও জলপথ মন্ত্রক, মুম্বই বন্দর কর্তৃপক্ষ আর 'ফেডারেশন অফ ইন্ডিয়ান চেম্বার্স অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র মাধ্যমে এই অনুষ্ঠানটি সংগঠিত হবে।

❑ ২০২২ সালে 'জন এফ.কেনেডি লাইব্রেরি ফাউন্ডেশন'এর তরফ থেকে, 'জন এফ.কেনেডি প্রোফাইল ইন কারেজ পুরস্কার' পাচ্ছেন ইউক্রেনের প্রেসিডেন্ট ভ্লাদিমির জেলেনস্কি ও মার্কিনি রাজনীতিবিদ লিজ চেনি। রাশিয়ার আক্রমণের সময় ইউক্রেনীয় জনগণের প্রতি অসামান্য নেতৃত্ব দেওয়ার জন্য এই পুরস্কার পাচ্ছেন জেলেনস্কি। অন্যদিকে, নির্বাচনে 'রিপাব্লিকান পার্টি'র পক্ষে দাঁড়ানোর জন্য এই সম্মান পাচ্ছেন লিজ চেনি। এছাড়াও, মিশিগান সেক্রেটারি অফ স্টেট জোসেলিন বেনসন, অ্যারিজোনা হাউজ স্পিকার রাসেল বোয়ার্স ও জর্জিয়ার নির্বাচনী কর্মী ওয়ান্ড্রিয়া মসকেও এই পুরস্কার দেওয়া হচ্ছে।

২০২২ সালে নতুন গ্লোবাল পিস অ্যাম্বাসাডর হিসাবে ভূষিত হলেন বিশ্বব্যাপী ব্যবসায়িক পেশাদার ববিতা সিং।



**নয়াদিল্লিতে, 'এশিয়া আফ্রিকা কনসোর্টিয়াম'এর সহযোগিতায় অনুষ্ঠিত 'ইন্ডিয়া ইন্টারন্যাশনাল কনক্লেভ ২০২২'এ তাঁকে এই সম্মান দেওয়া হয়েছে। শিক্ষা, খেলাধূলা, শিল্প, সংস্কৃতি ও কূটনীতির মাধ্যমে শান্তির প্রচারে অসামান্য অবদানের জন্য এই সম্মান পেলেন তিনি। এই সম্মান হল একজন বিশ্ব নাগরিককে দেওয়া সর্বোচ্চ সম্মান।**

### বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও থাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

❑ অসমের জোড়হাট পাম্প স্টেশনে, ভারতের প্রথম ৯৯.৯৯৯% বিশুদ্ধ সবুজ হাইড্রোজেন প্ল্যান্ট স্থাপন করল 'অয়েল ইন্ডিয়া লিমিটেড'। প্ল্যান্টটির প্রতিদিন ১০ কেজি সবুজ হাইড্রোজেন উৎপাদন করার ক্ষমতা রয়েছে। প্ল্যান্টটি ১০০ কিলোওয়াট অ্যানিয়ন এক্সচেঞ্জ মেমব্রেন ইলেক্ট্রোলাইজার অ্যারে ব্যবহার করে ৫০০ কিলোওয়াট সোলার প্ল্যান্টের মাধ্যমে উৎপাদিত বিদ্যুৎ থেকে সবুজ হাইড্রোজেন তৈরি করবে। প্রসঙ্গত উল্লেখ্য, ভারতে এই প্রথমবার 'অ্যানিয়ন এক্সচেঞ্জ মেমব্রেন' প্রযুক্তি ব্যবহার করা হচ্ছে।

❑ আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসরের সিদ্ধান্ত ঘোষণা করলেন কায়রন পোলার্ড।

**২১ এপ্রিল** : দিল্লির নতুন রাজ্য নির্বাচন কমিশনার হিসাবে শপথ নিলেন বিজয় কুমার দেব।

❑ 'ইউনিসেফ'এর ইউওয়াহ বোর্ডের কো-চেয়ারম্যান হিসাবে মনোনীত হলেন অশ্বিন ইয়ার্দি।

❑ রাজ্যের শিক্ষার্থীদের উচ্চশিক্ষা গ্রহণে উৎসাহিত করতে, জুলাই থেকে 'গুরুজী স্টুডেন্ট ক্রেডিট কার্ড' চালু করতে চলেছে ঝাড়খণ্ড সরকার। এর মাধ্যমে, আর্থিকভাবে দুর্বল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের, খুব কম সুদের হারে কোনোরকম বন্ধক ছাড়াই ১০ লাখ টাকা ঋণ দেওয়া হবে।

❑ কর্ণাটকের প্রাক্তন মুখ্যমন্ত্রী বুকানাকেরে সিদ্দালিঙ্গাপ্পা ইয়েদুরাপ্পার নামে নির্মাণাধীন 'শিবমোগ্গা বিমানবন্দর'এর নামকরণ করা হবে বলে ঘোষণা করলেন বর্তমান মুখ্যমন্ত্রী বাসভরাজ বোম্মাই। এই প্রস্তাবটি এখন কেন্দ্রীয় বেসামরিক বিমান চলাচল মন্ত্রকের কাছে পাঠানো হবে ও প্রয়োজনীয় অনুমতি পাওয়ার পর তা কার্যকরী করা হবে। প্রসঙ্গত উল্লেখ্য, কেন্দ্রীয় সরকারের 'উড়ান কর্মসূচি'র অধীনে তৈরি হওয়া, আন্তর্জাতিক মানের সুবিধা-সহ এই বিমানবন্দরটি এ'বছরের ডিসেম্বরের মধ্যে তৈরি হয়ে যাবে বলে মনে করা হচ্ছে। বেঙ্গলউরুর 'কেম্পেগৌড়া আন্তর্জাতিক বিমানবন্দর'এর পর, কর্ণাটকের দ্বিতীয় বৃহত্তম রানওয়ে (৩,২৯৯ মিটার) থাকবে এখানে।

❑ 'ইন্দো-আমেরিকান চেম্বার অফ কমার্স'এর তরফ থেকে, মর্যাদাপূর্ণ 'এন্টারপ্রেনার লিডারশিপ পুরস্কার'এর জন্য মনোনীত হলেন 'জেনারেল অ্যাটমিক্স গ্লোবাল কর্পোরেশন'এর ভারতীয়-মার্কিনি চিফ এক্সিকিউটিভ বিবেক লাল। প্রতিরক্ষা খাতে অবদানের স্বীকৃতি হিসাবে, 'গ্লোবাল লিডার ইন দ্য ডিফেন্স অ্যান্ড অ্যাভিয়েশন সেক্টর' পুরস্কার বিভাগে এই সম্মান পাচ্ছেন তিনি।

❑ ২০২২ সালে ক্রিকেট রেফারেন্স বই 'উইসডেন ক্রিকেটার্স অ্যালমানাক'এর (যুক্তরাজ্য থেকে প্রকাশিত) বিচারে, বছরের সেরা ৫ ক্রিকেটারের তালিকায় স্থান পেলেন ভারত অধিনায়ক রোহিত শর্মা ও ফাস্ট বোলার জসপ্রীত বুমরাহ। এছাড়াও এই তালিকায় রয়েছেন নিউজিল্যান্ডের ওপনার ডেভন কনওয়ে, ইংল্যান্ডের ফাস্ট বোলার অলি রবিনসন ও দক্ষিণ আফ্রিকা মহিলা ক্রিকেট দলের অধিনায়ক ডেন ভ্যান নাইকার্ক। উল্লেখ্য, বিশ্বের শীর্ষস্থানীয় ক্রিকেটার হিসাবে নির্বাচিত হয়েছেন ইংল্যান্ডের প্রাক্তন অধিনায়ক জো রুট।

❑ ইউক্রেনের বিরুদ্ধে দীর্ঘদিন ধরে চলা রক্তক্ষয়ী যুদ্ধের কারণে, ঐতিহ্যবাহী আসন্ন 'উইম্বলডন'এ রাশিয়ান ক্রীড়াবিদদের খেলার ওপর নিষেধাজ্ঞা জারি করা হল। এছাড়াও, ইউক্রেনের বিরুদ্ধে যুদ্ধে রাশিয়াকে সহায়তা করার জন্য সেই নিষেধাজ্ঞার কবলে পড়েছেন বেলারুশের ক্রীড়াবিদরাও। তবে ক্রীড়াবিদরা অংশ নিতে না পারলেও, দুই দেশের কোচ, আম্পায়ার ও ফিজিওথেরাপিস্টরা এই আসরে যুক্ত হতে পারবেন। প্রসঙ্গত উল্লেখ্য, চলতি বছরের ২৭ জুন থেকে ১০ জুলাই পর্যন্ত হওয়ার কথা এবারের উইম্বলডনের আসর।

**২২ এপ্রিল** : 'নীতি আয়োগ'এর ভাইস চেয়ারম্যান হিসাবে মনোনীত হলেন ড.সুমন কে.বেরি।

❑ লাদাখের লেহ জেলায় তৈরি হতে চলেছে ভারতের প্রথম গাধা সংরক্ষণ পার্ক। দিল্লির সামাজিক উদ্যোগ 'অরগ্যানিকো বিউটিফাইং লাইফ' এটি তৈরি করবে। সাধারণত গাধাকে একটি মজার প্রাণী হিসাবে দেখা হয়, যার ফলে প্রাণীটি বিভিন্নভাবে তাচ্ছিল্যের শিকার হয়। এছাড়া, মাল বহনের কাজে এদের প্রয়োজনীয়তা কমছে। এরকম চলতে থাকলে খুব শীঘ্রই প্রাণীটি অবলুপ্ত হয়ে যাবে। সেজন্য এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

❑ 'রাষ্ট্রসঙ্ঘ পরিবেশ কর্মসূচি'র তরফ থেকে, 'লাইফটাইম অ্যাচিভমেন্ট' বিভাগের অধীনে, 'চ্যাম্পিয়ন্স অফ দ্য আর্থ পুরস্কার ২০২১'এর জন্য মনোনীত হলেন ব্রিটিশ সম্প্রচারক, জীববিজ্ঞানী, প্রাকৃতিক ইতিহাসবিদ ও লেখক স্যার ডেভিড অ্যাটেনবরো। প্রকৃতির সুরক্ষা ও তা পুনরুদ্ধারের জন্য গবেষণা, ডকুমেন্টেশন ও সমর্থনের জন্য ৯৫ বছর বয়সি ডেভিডকে এই পুরস্কারের জন্য বেছে নেওয়া হয়েছে। তিনি ছাড়াও আরও ৪ জন ব্যক্তি অন্যান্য বিভাগে এই পুরস্কার পাচ্ছেন। প্রসঙ্গত উল্লেখ্য, বিশ্বজুড়ে পরিবেশবিদদের সম্মান জানানোর জন্য ২০০৫ সাল থেকে এই পুরস্কার দিচ্ছে 'ইউএনইপি'।

❑ পশ্চিমবঙ্গের হরিণঘাটায়, ভারতের বৃহত্তম 'ফুলফিলমেন্ট সেন্টার' চালু করল ই-কমার্স ফার্ম 'ফ্লিপকার্ট'। পূর্ব ভারতের লাখ লাখ বিক্রেতা, কারিগর ও কর্মসংস্থানযোগ্য যুবকদের জন্য, উদ্যোক্তা ও কর্মসংস্থানের সুযোগ তৈরি করে দেওয়ার লক্ষ্যে এই পদক্ষেপ নেওয়া হয়েছে। 'বেঙ্গল গ্লোবাল বিজনেস সামিট' চলার সময়, ভার্চুয়াল পদ্ধতিতে এটির উদ্বোধন করেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এই সুবিধা চালু হওয়ার ফলে, ১১ হাজারেরও বেশি কাজের সুযোগ তৈরি হবে আর রাজ্য ও উত্তর-পূর্বাঞ্চলের প্রায় ২০,০০০ বিক্রেতাদের সহায়তা করবে।

মার্কিনি ব্যবসায়িক পত্রিকা 'ফোর্বস'এর তালিকা অনুযায়ী, কিংবদন্তি মার্কিনি ধনকুবের ওয়ারেন



**বাফেটকে অতিক্রম করে, বিশ্বের পঞ্চম ধনী ব্যক্তির শিরোপা পেলেন 'আদানি গ্রুপ'এর চেয়ারম্যান গৌতম আদানি। তাঁর মোট সম্পদের মূল্য ১২৩.৭ বিলিয়ন মার্কিন ডলার। এখন ভারতের সবথেকে ধনী ব্যক্তি আদানি। দ্বিতীয় স্থানে রয়েছেন 'রিলায়েন্স ইন্ডাস্ট্রিজ লিমিটেড'এর কর্ণধার মুকেশ আম্বানি। তাঁর মোট সম্পদের মূল্য আনুমানিক ১০৪.৭ বিলিয়ন মার্কিন ডলার। প্রসঙ্গত উল্লেখ্য, বিশ্বের মধ্যে প্রথম ৪টি স্থান দখল করেছেন যথাক্রমে এলন মাস্ক, জেফ বেজোস, বার্নার্ড আর্নল্ট ও বিল গেটস।**

❑ মঙ্গোলিয়ার উলানবাটারে অনুষ্ঠিত, 'এশিয়ান কুস্তি চ্যাম্পিয়নশিপ'এ ৫৭ কেজি ও ৬৫ কেজি ফ্রিস্টাইল বিভাগে রুপোর পদক পেলেন যথাক্রমে ২ ভারতীয় মহিলা কুস্তিগির অংশু মালিক ও রাধিকা।

**২৩ এপ্রিল** : 'আদিত্য বিড়লা ক্যাপিটাল'এর চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে মনোনীত হলেন বিশাখা মুলি।

❑ যাতায়াতে সুবিধার জন্য, ভারতে প্রথম মুম্বইয়ে ১০০% ডিজিটাল বাস পরিষেবা চালু করল 'বৃহন্মুম্বাই ইলেক্ট্রিক সাপ্লাই অ্যান্ড ট্রান্সপোর্ট'। গেটওয়ে অফ ইন্ডিয়া থেকে চার্চগেট রুটে এই পরিষেবা চালু করলেন মহারাষ্ট্রের পরিবেশমন্ত্রী আদিত্য ঠাকরে, যার লক্ষ্য হল বাস টিকিটিং সিস্টেমের ডিজিটালাইজেশন বাড়ানো। বাসটি ভ্রমণকারীদের আরামদায়ক সুযোগ-সুবিধা দেবে, যেখানে যাত্রীরা এক বিশেষ স্মার্ট কার্ড বা মোবাইল ফোনে 'চলো' অ্যাপ ব্যবহার করে নিজেদের টিকিট সংগ্রহ করতে পারবেন।

❑ কোভিড নিয়ে সাম্প্রতিক চিকিৎসায় এক নতুন গবেষণা তুলে ধরলেন আইআইটি মাদ্রাজের গবেষকরা। নন-স্টেরয়েডাল অ্যান্টি ইনফ্লেমেটারি ড্রাগ 'ইন্দোমেথাসিন' কোভিডে অল্প আক্রান্তদের চিকিৎসায় ব্যাপক ফলপ্রসূ বলে উঠে এসেছে তাঁদের গবেষণায়। গবেষকরা জানিয়েছেন, 'ইন্দোমেথাসিন'এর উল্লেখ প্রতিবছর প্রায় ২০ লাখ মার্কিন প্রেসক্রিপশনে থাকে। মূলত প্রদাহের চিকিৎসায় এই ড্রাগ কার্যকরী হয়। তবে, ভারতই প্রথম এই পেইনকিলারকে কোভিডের চিকিৎসায় ব্যবহার নিয়ে গবেষণা করেছে বলে জানানো হয়েছে। এটি ব্যবহারে রোগীদের লিভার ও কিডনির কার্যকারিতায় কোনোরকম পার্শ্বপ্রতিক্রিয়া বা কুপ্রভাব দেখা যায়নি।

❑ ২০২২ সালে ষষ্ঠ 'এন্টারপ্রেনার অ্যান্ড লিডারশিপ পুরস্কার'এ, 'ইন্দো-আমেরিকান চেম্বার অফ কমার্স'এর তরফ থেকে 'উওমেন ট্রান্সফর্মিং ইন্ডিয়া' পুরস্কার পেলেন 'মোদী এন্টারপ্রাইজেস'এর চেয়ারপার্সন ড. বিনা মোদী। কেন্দ্রীয় বেসামরিক বিমান পরিবহণ মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া এই পুরস্কার দিয়েছেন।

❑ বরুসিয়া ডর্টমুন্ডকে ৩-১ ব্যবধানে হারিয়ে, 'বুন্দেশলিগা' জিতল বায়ার্ন মিউনিখ।

**২৪ এপ্রিল** : দ্বিতীয়বারের মেয়াদে, ফ্রান্সের প্রেসিডেন্ট হিসাবে মনোনীত হলেন এমানুয়েল ম্যাক্রোন।

❑ ১৯ এপ্রিল মারা গেলেন বিশ্বের সবথেকে বয়স্ক মানুষ তথা জাপানি বৃদ্ধা কেন তানাকা। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ১১৯ বছর ১০৭ দিন। ১৯০৩ সালের ২ জানুয়ারি জন্ম হয় তাঁর। ২০১৯ সালে 'গিনেস বুক অফ ওয়ার্ল্ড রেকর্ডস'এর তরফ থেকে, পৃথিবীর সবথেকে বয়স্ক জীবিত মানুষের তকমা দেওয়া হয় তাঁকে।

❑ ভারতের প্রথম কার্বন-নিরপেক্ষ পঞ্চায়েতে পরিণত হল জম্মু ও কাশ্মীরের সাম্বা জেলার 'পল্লী' গ্রাম, যা সম্পূর্ণরূপে সৌরশক্তি চালিত ও এর সব রেকর্ড ডিজিটালাইজড করা হয়েছে, যা কেন্দ্রীয় সরকারি প্রকল্পগুলির সব সুবিধা সহজেই পেতে সাহায্য করবে। এই পঞ্চায়েতে রেকর্ড ৩ সপ্তাহের মধ্যে ৫০০ কিলোওয়াট সোলার প্ল্যান্ট স্থাপন করা হয়েছে, যা উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। কেন্দ্রীয় সরকারের 'গ্রাম উর্জা স্বরাজ' কর্মসূচির অধীনে, 'পল্লী'তে মোট ৬,৪০৮ বর্গমিটার এলাকা জুড়ে ১,৫০০টি সোলার প্যানেল স্থাপন করা হয়েছে, যা ওই পঞ্চায়েতের মধ্যে অবস্থিত ৩৪০টি বাড়িতে বিদ্যুৎ সরবরাহ করবে। এই উৎপাদিত বিদ্যুৎ স্থানীয় পাওয়ার গ্রিড স্টেশনের মাধ্যমে গ্রামে বিতরণ করা হবে।

❑ যুক্তরাজ্যের 'কমনওয়েলথ পয়েন্টস অফ লাইট পুরস্কার'এর জন্য মনোনীত হলেন বাংলাদেশের শিক্ষামূলক সংস্থা 'বিদ্যানন্দ'এর প্রতিষ্ঠাতা কিশোর কুমার দাস। আর্থিক দিক থেকে পিছিয়ে পড়া শিশুদের শিক্ষার সুযোগের উন্নতিতে অসামান্য কাজ করার জন্য এই পুরস্কার পাচ্ছেন তিনি। ২০১৩ সালে মাত্র ২২ জন ছাত্র নিয়ে 'বিদ্যানন্দ' প্রতিষ্ঠা করেন তিনি, যা এখন ৫টি প্রাথমিক বিদ্যালয় পরিচালনা করে। প্রসঙ্গত উল্লেখ্য, নিজেদের কাজের মাধ্যমে সমাজের মানুষদের মধ্যে পরিবর্তন আনছেন, এমন মানুষদের এই পুরস্কার দেওয়া হয়।

❑ সার্বিয়ান টেনিস তারকা নোভাক জকোভিচকে ৬-২, ৬-৭ (৪-৭) ও ৬-০ ব্যবধানে হারিয়ে, ২০২২ সালে 'সার্বিয়া ওপন'এ পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন রাশিয়ান টেনিস তারকা আন্দ্রে রুবলেভ।

❑ 'এশিয়ান কুস্তি চ্যাম্পিয়নশিপ'এ পুরুষদের ফ্রিস্টাইল ৮৬ কেজি বিভাগে রুপোর পদক পেলেন দীপক পুনিয়া।

**২৫ এপ্রিল** : স্লোভেনিয়ার প্রধানমন্ত্রী হিসাবে মনোনীত হলেন রবার্ট গোলব।

❑ 'টাটা ডিজিটাল'এর চেয়ারম্যান হিসাবে মনোনীত হলেন নটরাজন চন্দ্রশেখরন।



**২০২২ সালে 'লরিয়াস বর্ষসেরা পুরুষ ক্রীড়াবিদ'এর সম্মান পেলেন ফর্মূলা ওয়ান চ্যাম্পিয়ন ম্যাক্স ভারস্তাপেন। অ্যনদিকে, 'লরিয়াস বর্ষসেরা মহিলা ক্রীড়াবিদ'এর সম্মান পেলেন জামাইকান অলিম্পিক স্প্রিন্টার এলাইন থম্পসন-হেরা।**

❑ বিহারের ভোজপুরে, 'আজাদি কা অমৃত মহোৎসব'এর অধীনে বীর কুঁয়ার সিংহের ১৬৪ তম মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের উপস্থিতিতে ৭৮,০০০ মানুষ জড়ো হয়ে টানা ৫ মিনিট ধরে জাতীয় পতাকা নাড়ানোর এক নয়া বিশ্বরেকর্ড গড়ল ভারত। এর ফলে পাক-ই-স্তানের ১৮ বছরের পুরনো রেকর্ড ভাঙল। ২০০৪ সালে লাহোরে এক অনুষ্ঠানে ৫৬,০০০ পাক-ই-স্তানি একসঙ্গে জাতীয় পতাকা নাড়িয়ে রেকর্ড গড়েন।

☞ এরপর ১০ পাতায়

সামনের ২ বছরে হোটেল ম্যানেজমেন্টে ২-৩ লাখ নিয়োগ

# BNG-হোটেল ম্যানেজমেন্টে সেরা চাকরির ঠিকানা



BNG'র কর্ণধার বুধাদিত্য পাল ও Novotel'এর লার্নিং অ্যান্ড ডেভেলপমেন্ট ম্যানেজার সৈকত পাল 'মউ' স্বাক্ষর করছেন

**নিজস্ব সংবাদদাতা, সল্টলেক :** বিখ্যাত হোটেল ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান BNG হোটেল ম্যানেজমেন্ট ইনস্টিটিউট সম্প্রতি শহরের অন্যতম পাঁচতারা হোটেল Novotel-র সাথে স্কিলড ম্যানপাওয়ার সংক্রান্ত চুক্তি স্বাক্ষর করল। ফলে এই প্রতিষ্ঠানের ছেলে-মেয়েরা সরাসরি এই বিখ্যাত ব্র্যান্ডের হোটেলে (১১০টি দেশে ৫৩০০টি হোটেল সহ ৪০টি প্রথম সারির হোটেলের ফ্লিট) ইন্টার্নশিপ ও কোর্স শেষে চাকরির সুযোগ পাবেন। হোটেল ম্যানেজমেন্ট শিল্পে কলকাতার অন্যতম সেরা এই প্রতিষ্ঠানের কর্নধার বুধাদিত্য পাল ও নোভেটেলের তরফ থেকে লার্নিং অ্যান্ড ডেভেলপমেন্ট ম্যানেজার সৈকত পাল এই চুক্তি স্বাক্ষর করেন।

এ কথা স্বীকার করতেই হবে যে পরিসংখ্যান অনুযায়ী, প্লেসমেন্ট দেওয়ার নিরিখে (সে আন্তর্জাতিকই হোক বা দেশের মধ্যেই হোক) গত কয়েক বছরে হোটেল ম্যানেজমেন্ট শিল্পে সেরা চাকরি পেয়েছে BNG হোটেল ম্যানেজমেন্টের ছেলে-মেয়েরা। এর পিছনে মূল কারণ কী? কলেজের চেয়্যারম্যান বুধাদিত্য বাবুর মতে —'দেখুন এখানে সেইসব কোর্সই পড়ানো হয় যেগুলির ইন্ডাস্ট্রিতে চাহিদা আছে। অর্থাৎ প্রথমে আমরা ইন্ডাস্ট্রির চাহিদা বুঝি, তারপর সেই মতো আমাদের ছেলে-মেয়েদের ট্রেন্ড আপ করি। আর আমাদের এখান থেকে কোর্স করে কোনো ছেলে-মেয়েই চাকরির জন্য বসে থাকে না। কারণ প্রথম থেকেই এরা ট্রেনিং / ইন্টার্নশিপ করে সেরা সেরা হোটেলে। এতে ওদের আত্মবিশ্বাস অনেকটাই বেড়ে যায় — যা কোর্স শেষ হওয়ার আগেই ওদের চাকরি পেতে সাহায্য করে।' জুলাই সেশনের জন্য এখন দুটি কোর্সে ভর্তি চলছে। দুটিই ১২ মাসের কোর্স — (১) ডিপ্লোমা ইন হসপিটালিটি ম্যানেজমেন্ট ও (২) ডিপ্লোমা ইন ফুড প্রোডাকশন অ্যান্ড বেভারেজেস। এই কলেজ ম্যাকাউটের (MAKAUT, West Bengal) অনুমোদিত। এছাড়াও এই কলেজের বিশেষ সুনাম আছে - ইন্টারন্যাশনাল প্লেসমেন্টের জন্য। কানাডা, আমেরিকা, জামার্নি, ফ্রান্স, দুবাই, মরিশাস, সিঙ্গাপুর, আবুধাবির মতো জায়গায় সেরা সেরা হোটেলে চাকরি করছেন এখানকারই ছেলে-মেয়েরা। কোর্স ফী-ও আওতার মধ্যে। ফ্রী কাউন্সিলিংয়ের জন্য সরাসরি ফোন করুন এই নম্বরে — ৯৮৩০৭৯৬৩০৭। অথবা দেখুন এই ওয়েবসাইট : www.bngkolkata.com বা সরাসরি চলে আসুন এই ঠিকানায় — BNG হোটেল ম্যানেজমেন্ট ইনস্টিটিউট, সেক্টর-৫, সল্টলেক (নিউ টাউন ব্রিজ), বাসস্টপ কোলভবন।

# প্রায় ৯ হাজার কনস্টেবল পদে নিয়োগের প্রক্রিয়া শুরু করতে চলেছে রাজ্য সরকার

**বিজ্ঞপ্তি কয়েক মাসের মধ্যেই**

**নিজস্ব সংবাদদাতা, রাজারহাট :** রাজ্য পুলিশ ও কলকাতা পুলিশের প্রায় ৯ হাজার **'কনস্টেবল'** পদে বিজ্ঞপ্তি খুব তাড়াতাড়ি বেরোবে। পরিসংখ্যান অনুযায়ী, বিগত কয়েক বছরে রাজ্য সরকারের কনস্টেবল পদে সবচেয়ে বেশি নিয়োগ হয়েছে। সামনের মাসে এই পদে নিয়োগের ব্যাপারে মতামত জানতে, আমরা যোগাযোগ করেছিলাম রাজ্যের অন্যতম সেরা ডিফেন্স ইনস্টিটিউট Indian Force Academy-র কর্ণধার আহমেদ আলি খানের সঙ্গে। তাঁর মতে, 'গত কয়েক বছরের তুলনায় এই বছর প্রত্যেকটি সরকারি চাকরির পরীক্ষার কাট-অফ মার্কস অনেকটাই বেড়েছে ও ভবিষ্যতে তা আরো বাড়বে। শুধুমাত্র বাড়িতে বসে সরকারি চাকরির পরীক্ষার প্রস্তুতি নিলে হবে না, দরকার কঠোর পরিশ্রম আর অভিজ্ঞ শিক্ষকদের সঠিক গাইডেন্স।' প্রসঙ্গত উল্লেখ্য, এই নিয়োগের ব্যাপারে এই প্রতিষ্ঠানের ছেলেমেয়েরা এখনো পর্যন্ত সবচেয়ে বেশি সফল। এখানে বিভিন্ন জেলা থেকে প্রতিরক্ষা বাহিনীতে যোগ দিতে আগ্রহী ছেলেমেয়েদের জন্য সম্পূর্ণ সুরক্ষিত ও উপযুক্ত পরিবেশে থাকা ও খাওয়া সহ একঝাঁক অভিজ্ঞ শিক্ষক-শিক্ষিকার তত্ত্বাবধানে লিখিত পরীক্ষার ও প্রতিনিয়ত মাঠের প্রশিক্ষণ ব্যবস্থা আছে। অর্থাৎ এই কথা সহজেই বলা যায় যে, জীবনযুদ্ধে সফল হতে ও উজ্জ্বল ভবিষ্যৎ গড়ে তোলার লক্ষ্যে এই প্রতিষ্ঠান সব সময় ছেলেমেয়েদের পাশে ছিল ও ভবিষ্যতেও থাকবে। নামমাত্র খরচে এখানে Army, Navy, Airforce, WBP, KP, Constable ও অন্যান্য লিখিত পরীক্ষার প্রস্তুতির ভর্তি চলছে। SC, ST প্রার্থীদের ভর্তিতে বিশেষ ছাড়ের ব্যবস্থা আছে। এখানে সপ্তাহে চারদিন তথা সোমবার থেকে বৃহস্পতিবার পর্যন্ত দিনে দুটো করে ক্লাস। এছাড়াও এখানে মাঠের প্রশিক্ষণ ও পরীক্ষার আগে কমনযোগ্য স্টাডি মেটেরিয়ালস সহ পর্যাপ্ত মকটেস্ট নেওয়া হয়, যাতে ছেলেমেয়েদের মধ্যে পরীক্ষা নিয়ে আর কোনো ভয় না থাকে। দূরবর্তী ছাত্রছাত্রীদের জন্য থাকা ও খাওয়ার সুব্যবস্থা আছে। ভর্তি হতে যোগাযোগ করুন এই নম্বরে ৮৭৭৭৭৩০৭৪৩ অথবা সরাসরি চলে আসুন এই ঠিকানায় : রায়গাছী শেষমোড়, পোস্ট অফিস ও থানা- রাজারহাট, কলকাতা- ৭০০১৩৫ (লোটাস হাসপাতালের কাছে)।

# ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি (ডি.এম.এল.টি) কোর্সে ভর্তি

**বিশেষ প্রতিনিধি :** বর্তমানে বাংলা ও ভারতে ক্রমান্বয়ে বেড়ে চলেছে হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টারের সংখ্যা। আর সরকারি ও বেসরকারি উভয় ক্ষেত্রেই প্রয়োজন হাজার হাজার সুদক্ষ ল্যাব টেকনিশিয়ানের। যেকোনো শাখায় 12th পাশ ছাত্রছাত্রীরা শ্রেষ্ঠ শিক্ষকমণ্ডলী, অত্যাধুনিক ল্যাবরেটরি, লাইভ হাসপাতাল ও ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ও সম্পূর্ণ প্লেসমেন্ট সাপোর্ট এর সুবিধা-সহ D.M.L.T সুনিশ্চিত কেরিয়ারের জন্য ভর্তি হতে পারে।

পশ্চিমবঙ্গ রাজ্য প্রযুক্তি বিশ্ববিদ্যালয় মৌলানা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজি (MAKAUT) এর CCPTR এবং **গুরুকুল** এর যৌথ উদ্যোগে কর্মসংস্থানমুখী উপরের ২টি কোর্সে সীমিত আসনে ভর্তির জন্য এখনই যোগাযোগ করুন। গুরুকুল এডুটেক এডুকেশন অ্যান্ড রিসার্চ ফাউন্ডেশন, ঠিকানা : উলুবেড়িয়া, হাওড়া। ফোন : ৭০৫৯৯১৮১৮৬, ৯৮০৪৭২০৪২৫, ৯০৫১৩৫২৩৩৭। ওয়েবসাইট : www.gurukulinstitute.org.in

# কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত কৃষিবিজ্ঞান কোর্স করে চাকরির সুযোগ

ভারত-সহ আন্তর্জাতিক বাজারে কৃষি-শিল্প ও সহযোগীক্ষেত্রে উপযুক্ত প্রশিক্ষিত পেশাদারের চাহিদা সর্বত্র। এই বৃহৎ কর্মক্ষেত্রের উপযোগী পেশাদার তৈরির লক্ষ্যে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের স্বীকৃতি নিয়ে শুরু হয়েছে কৃষিবিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সুসংহত ডিপ্লোমা ও পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স যা পশ্চিমবঙ্গে প্রথম। বর্তমানে প্রচলিত কৃষিভিত্তিক আলাদা আলাদা ধরনের কোর্সগুলি আসলে নিয়োগ ক্ষেত্রকে সঙ্কুচিত করে। তাই দক্ষ ও উদ্যোগী যুবসমাজের সামনে আরো বৃহত্তর কর্মক্ষেত্রে নিজেকে প্রবেশ করানোর সুযোগ করে দেবে এই ৫টি সুসংহত ডিপ্লোমা ও সার্টিফিকেট কোর্স : (১) **ডিপ্লোমা ইন ভেটেরিনারি সায়েন্সেস অ্যান্ড অ্যানিমাল হাজবেন্ড্রি (D.V.S.A.H)**। সময়সীমা : ২ বছর সঙ্গে ৬ মাস ইন্টার্ণশিপ। যোগ্যতা : উচ্চমাধ্যমিক পাশ। (২) **ডিপ্লোমা ইন অ্যাগ্রিকালচারাল সায়েন্স অ্যান্ড ম্যানেজমেন্ট (D.A.S.M.)**। সময়সীমা : ২ বছর সঙ্গে ৩ মাস ইন্টার্ণশিপ। যোগ্যতা : উচ্চমাধ্যমিক পাশ। (৩) **পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ক্রপ প্রোডাকশন অ্যান্ড প্ল্যান্ট হেল্‌থ ম্যানেজমেন্ট (P.G.D.C.P.P.H.M.)**। সময়সীমা : ২ বছর সঙ্গে ৩ মাস ইন্টার্ণশিপ। যোগ্যতা : যে কোনো শাখার গ্র্যাজুয়েট। (৪) **ডিপ্লোমা ইন অ্যাগ্রিকালচারাল এক্সটেনশন সার্ভিসেস ফর ইনপুট ডিলার্স (D.A.E.S.I)**। সময়সীমা : ১ বছর যোগ্যতা : মাধ্যমিক পাশ। এই কোর্সটি সারের লাইসেন্স পাওয়ার ক্ষেত্রে অগ্রগণ্য। (৫) **সার্টিফিকেট ইন মাশরুম কাল্টিভেশন অ্যান্ড স্পন প্রোডাকশন (C.M.C.S.P)**। সময়সীমা : ৩ মাস। যোগ্যতা : মাধ্যমিক পাশ।

কোর্স শেষে সার্টিফিকেট দেবে কল্যাণী বিশ্ববিদ্যালয়। সরকারি ও অধীনস্ত দপ্তরে আছে চাকরির সুযোগ। এছাড়া বেসরকারি দেশীয় / আন্তর্জাতিক কৃষি-শিল্প ও সহযোগী কোম্পানিতেও উচ্চপদে চাকরির সুযোগ আছে। পাশাপাশি সরকারি লাইসেন্স নিয়ে আছে স্বাধীন ব্যবসার সুযোগ (বীজ ও রাসায়নিক সার, জৈব সার ও রোগ পোকা নিবারণের ওষুধ)। কোর্স শেষে থাকবে ১০০% নিয়োগ সহায়তা। ভর্তি শুরু হয়েছে। আসন সংখ্যা সীমিত।

সত্বর যোগাযোগ : Susrijo Institute of Agricultural Science, Technology and Management, WEBEL IT PARK (IT & E Department, Govt. of West Bengal), Krishnagar, Nadia, (Beside Krishnanagar Horticulture Department). Ph.: 8250155379, 9832015253 Website : www.siastm.org

WBCS
A Complete Solution for Prelims, Mains & Interview
9593601807
8967065857
9002490487
TARAMONI MEMORIAL (MAIN OFFICE), HABRA, 24 PGS (N), BESIDE HABRA MUNICIPALITY
IRAJNA
প্রজ্ঞা

প্রাইমারী TET -এর ব্যাচে ভর্তি চলছে

দীর্ঘ প্রতীক্ষার অবসান। স্কুল সার্ভিস কমিশনের বড় ঘোষণা। ২০,০০০ শিক্ষক শিক্ষিকা নিয়োগ করা হবে। তোমাদেরকে সাফল্যমণ্ডিত করবই - এটাই প্রজ্ঞার অঙ্গীকার। আর তাই প্রজ্ঞাও প্রস্তুত এই নতুন ধাঁচের পরীক্ষা ব্যবস্থায়। আমরা প্রত্যেকটি বিষয়ের এক্সপার্ট টিচার দ্বারা খুব অল্প সময়ের মধ্যে প্রাইমারি TET, SLST (PTET) এবং (Subject) -এ সফলতা এনে দেবো। তাই আর দেরি নয় আজই নাম নথিভুক্ত করতে ফোন করুন আমাদের এডমিশন হেল্পলাইনে

স্বল্প খরচ ও অল্প সময়ের কোর্স

SUBJECTS

BENGALI | HISTORY | SANSKRIT
ENGLISH | GEOGRAPHY | EDUCATION

• ADMISSION IS GOING ON • আসন সংখ্যা সীমিত

## অ্যাটমিক এনার্জিতে ২০৫ শিক্ষক

১ পাতার পর

তঃজাঃ ১১, তঃউঃজাঃ ৫, ও.বি.সি. ১৯, ই.ডব্লু.এস. ৭)।

**ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার** নেওয়া হবে এইসব বিষয়ে : ইংরিজি, সোশ্যাল সায়েন্স, হিন্দি, অঙ্ক/ফিজিক্স, কেমিস্ট্রি /বায়োলজি, কম্পিউটার সায়েন্স, ফিজিক্যাল এডুকেশন টিচার, আর্ট।

সংশ্লিষ্ট বিষয় নিয়ে ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আর বি.এড. কোর্স পাশ হলে সংশ্লিষ্ট বিষয়ের জন্য যোগ্য। ইংরিজি ১১টি (জেনাঃ ৬, তঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। সোশ্যাল সায়েন্স ১৪টি (জেনাঃ ৬, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ১)। হিন্দি ১০টি (জেনাঃ ৬, তঃজাঃ ২, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। অঙ্ক /ফিজিক্স ২১টি (জেনাঃ ৯, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৬, ই.ডব্লু.এস. ২)। কেমিস্ট্রি / বায়োলজি ৭টি (জেনাঃ ৬, ও.বি.সি. ১)। কম্পিউটার সায়েন্স ১০টি (জেনাঃ ৪, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ১)। ফিজিক্যাল এডুকেশন টিচার (মেল) ৯টি (জেনাঃ ৬, ও.বি.সি. ৩)। ফিজিক্যাল এডুকেশন টিচার (ফিমেল) ৭টি (জেনাঃ ৫, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)। আর্ট ৭টি (জেনাঃ ৫, ও.বি.সি. ২)।

**পোস্ট গ্র্যাজুয়েট টিচার পদে নেওয়া হবে এইসব বিষয়ে :** ইংরিজি, হিন্দি, অঙ্ক, ফিজিক্স, কেমিস্ট্রি, কম্পিউটার সায়েন্স, বায়োলজি।

সংশ্লিষ্ট বিষয়ের পোস্ট গ্র্যাজুয়েটরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আর বি.এড. কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। সব ক্ষেত্রেই সি.বি.এস.ই.'র 'সি-টেট'এ সফল হয়ে থাকতে হবে। শূন্যপদ : ইংরিজি ২টি (জেনাঃ), হিন্দি ১টি (জেনাঃ), অঙ্ক ৪টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। ফিজিক্স ১টি (জেনাঃ), কেমিস্ট্রি ১টি (জেনাঃ), কম্পিউটার সায়েন্স ৪টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। বায়োলজি ২টি (জেনাঃ)।

সব ক্ষেত্রে বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, মহিলারা ১০ বছর বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : AEES/01/2022.

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে বিভিন্ন কেন্দ্রে। দরখাস্ত করবেন অনলাইনে ২১ মে থেকে ১২ জুনের মধ্যে। এই ওয়েবসাইটে : www.aees.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও জন্ম-তারিখ, শিক্ষাগত যোগ্যতা, পাশপোর্ট মাপের রঙিন ফটো আর সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ নির্দিষ্ট টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন। তপশিলী, প্রতিবন্ধী, মহিলা ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

গত বছরের মতো এ বছরেও
১) WBCS প্রিলিমিনারি-২০২২
২) রাজ্য পুলিশের কনস্টেবল
৩) রেলের NTPC স্টেজ -II, গ্রুপ-ডি
পদের পরীক্ষায়
স্টাডি মেটেরিয়াল পেতে যোগাযোগ করুন নিচের নম্বরে।
এছাড়াও পাবেন রাজ্য পুলিশের SI, WBCS Main, MTS, CHSL, CGL সহ সব ধরনের পরীক্ষার স্টাডি মেটেরিয়াল
যোগাযোগ করুন : 9830624170

৮ পাতার পর

## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

□ সুইডেনের গবেষণা প্রতিষ্ঠান 'স্টকহোম ইন্টারন্যাশনাল পিস রিসার্চ ইনস্টিটিউট'এর রিপোর্ট অনুসারে, ২০২১ সালে সামরিক খাতে খরচের হিসাবে তৃতীয় স্থানে রয়েছে ভারত। ২০২১ সালে সামরিক খাতে ৭৬.৬ বিলিয়ন ডলার খরচ করেছে ভারত। ২০২০ সালের তুলনায় ২০২১ সালে ০.৯% বেশি খরচ করেছে ভারত। প্রথম ও দ্বিতীয় স্থানে রয়েছে যথাক্রমে মার্কিন যুক্তরাষ্ট্র (৮০১ বিলিয়ন ডলার) ও চিন (২৯৩ বিলিয়ন ডলার)।

**২৬ এপ্রিল** : ভারতীয় হজ কমিটির চেয়ারপার্সন হিসাবে মনোনীত হলেন অরুবনপল্লী পুঠিয়াপুরক্কাল আব্দুল্লাক্কুটি।

□ 'সোশ্যাল অ্যাওয়ারনেস অ্যান্ড অ্যাকশন টু নিউট্রালাইজ নিউমোনিয়া সাকসেসফুলি' নামে একটি সামাজিক সচেতনতা প্রচারাভিযান চালু করল কর্ণাটক সরকার। এই প্রচারাভিযানের অধীনে, ৫ বছরের কম বয়সি শিশুদের মধ্যে নিউমোনিয়ার প্রাথমিক শনাক্তকরণ ও বৃহত্তর সচেতনতা নিশ্চিত করা হবে।

□ ৪৪ বিলিয়ন মার্কিন ডলারের বিনিময়ে, বিশ্বের অন্যতম জনপ্রিয় সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম 'ট্যুইটার' কিনে নিলেন 'টেসলা'র কর্ণধার এলন মাস্ক। ভারতীয় মুদ্রায় এই টাকার অঙ্ক প্রায় ৩,৩৬,৯৪১ কোটি ২২ লাখ টাকা। প্রসঙ্গত উল্লেখ্য, চলতি মাসের শুরুতেই ২২,০০০ কোটি টাকার বিনিময়ে, 'ট্যুইটার'এর ৯.২% মালিকানা কেনেন তিনি। এবার পুরো মালিকানাই হল তাঁর।

□ 'ওয়ার্ল্ড স্টিল অ্যাসোসিয়েশন'এর তথ্য অনুযায়ী, বিশ্বের শীর্ষ ১০টি উৎপাদনকারী দেশের মধ্যে ভারতই একমাত্র দেশ, যারা গত বছরের একই সময়ের তুলনায় এ'বছরের জানুয়ারি থেকে মার্চ সময়ের মধ্যে ইস্পাত উৎপাদনে বৃদ্ধি পেয়েছে। এ'বছরের জানুয়ারি থেকে মার্চ পর্যন্ত, ৩১.৯ মিলিয়ন টন ইস্পাত উৎপাদন করেছে ভারত, যা প্রায় ৫.৯% বেড়েছে। শুধুমাত্র মার্চেই ইস্পাত উৎপাদন দেশের ইস্পাত উৎপাদন দাঁড়িয়েছে ১০.৯ মিলিয়ন টন, যা বৃদ্ধির হার ৪.৪%।

□ ২০২২ সালে 'প্যারিস বই উৎসব'এ সম্মানিত অতিথি হিসাবে মনোনীত হল ভারত। ২১ এপ্রিল থেকে ২৪ এপ্রিল পর্যন্ত অনুষ্ঠিত হয়েছে এই উৎসব। এই উৎসবে ভারতের অংশগ্রহণ আমাদের দেশের সাহিত্য ও ভাষাগত বৈচিত্র্য উদযাপনের একটি প্ল্যাটফর্ম হিসাবে কাজ করেছে।

□ ২০২২ সালে ইতালিতে, ফর্মূলা ওয়ান 'এমিলিয়া-রোমাগনা গ্রাঁ্যা প্রি' জিতলেন নেদারল্যান্ডসের ম্যাক্স ভারস্তাপেন (রেড বুল)।

**২৭ এপ্রিল** : ২০২২-'২৩ সালের জন্য, 'ন্যাশনাল অ্যাসোসিয়েশন অফ সফটওয়্যার অ্যান্ড সার্ভিসেস কোম্পানিজ'এর চেয়ারপার্সন হিসাবে মনোনীত হলেন কৃষ্ণণ রামানুজম।



**উত্তর ইংল্যান্ডের ডারহাম কাউন্টির বার্নার্ড ক্যাসেলের প্রথম ভারতীয় বংশোদ্ভূত মহিলা মেয়র হিসাবে মনোনীত হয়ে নজির গড়লেন কলকাতার মেয়ে রিমা চট্টোপাধ্যায়।**

□ ইউক্রেনে, মার্কিন রাষ্ট্রদূত হিসাবে মনোনীত হলেন ব্রিডগেট ব্রিঙ্ক।

□ দেশের একমাত্র জেলা হিসাবে, সব গ্রাম পঞ্চায়েতে কমিউনিটি লাইব্রেরি স্থাপন করে নজির গড়ল ঝাড়খণ্ডের জামতারা। এই জেলায় ৬টি ব্লকের অধীনে মোট ১১৮টি গ্রাম পঞ্চায়েত রয়েছে ও প্রতিটি পঞ্চায়েতে একটি সুসজ্জিত লাইব্রেরি রয়েছে, যা শিক্ষার্থীদের জন্য সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত খোলা থাকে। কেরিয়ার কাউন্সেলিং সেশন ও মোটিভেশনাল ক্লাসও এখানে বিনামূল্যে অনুষ্ঠিত হয়। আইএএস ও আইপিএস অফিসাররাও কখনও কখনও শিক্ষার্থীদের গাইড করতে ওইসব লাইব্রেরিতে যান।

□ ভারতের প্রথম শহর হিসাবে ভ্যাকুয়াম-ভিত্তিক নিষ্কাশন ব্যবস্থা চালু হল উত্তর প্রদেশের আগ্রায়। এইসব ভ্যাকুয়াম শহরের পাব্লিক প্লেসে ব্যবহার করা হবে। 'আগ্রা স্মার্ট সিটি কর্পোরেশন' তাজমহলের কাছাকাছি ২৪০টি বাড়িকে ভ্যাকুয়াম-ভিত্তিক নিষ্কাশন ব্যবস্থার সঙ্গে সংযুক্ত করেছে, যেখানে প্রচলিত নিষ্কাশন ব্যবস্থা ব্যবহার করা যায় না। ৫ কোটি টাকা খরচে, ২৪০টি বাড়ির জন্য একটি ভ্যাকুয়াম-ভিত্তিক নিষ্কাশন নেটওয়ার্ক তৈরি করা হয়েছে। এখন নিচু এলাকায় এই প্রযুক্তি ব্যবহার করা হবে। নেদারল্যান্ডসের একটি কোম্পানি ৫ বছর পর্যন্ত এর রক্ষণাবেক্ষণ করবে।



**২০২২ সালে 'বর্ষসেরা পিঙ্ক লেডি ফুড ফটোগ্রাফার'এর সম্মান পেলেন কলকাতার বাসিন্দা দেবদত্ত চক্রবর্তী। ভারতশাসিত কাশ্মীরের শ্রীনগরে তোলা 'কেবাবিয়ানা' নামের একটি ছবির জন্য এই পুরস্কার পেলেন তিনি। ছবিটির বিষয়বস্তু হল, একটি ব্যস্ত রাস্তায় ধোঁয়ায় ঢাকা কাঠ-কয়লার চুলায় কাবাব বানাচ্ছেন কাশ্মীরের একজন খাবার বিক্রেতা। আর সেই মুহূর্তটিকেই ফ্রেমবন্দি করেছেন তিনি। সারা বিশ্বের ৬০টিরও বেশি দেশ থেকে হাজার হাজার ছবি জমা পড়েছিল। সেগুলির মধ্যে থেকে একটি লাইভ অনুষ্ঠানের মাধ্যমে পুরস্কার বিজয়ীর নাম ঘোষণা করা হয়।**

□ বিদর্ভকে ৭৫ রানে হারিয়ে, 'সিকে নাইডু ট্রফি'তে চ্যাম্পিয়ন হল মুম্বই।

□ ইংল্যান্ডের নতুন টেস্ট অধিনায়ক হিসাবে মনোনীত হলেন বেন স্টোকস।

**২৮ এপ্রিল** : মিউজিক অ্যাপ ফার্ম 'JioSaavn'এর চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে মনোনীত হলেন সহাস মলহোত্রা।

□ দ্বিতীয়বারের জন্য, 'ন্যাশনাল কমিশন ফর শিডিউলড কাস্টস'এর চেয়ারপার্সন হিসাবে মনোনীত হলেন প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী বিজয় সাম্পলা।

□ ২০২২ সালে লন্ডনে 'রয়্যাল জিওগ্রাফিক্যাল সোসাইটি'তে 'হুইটলি গোল্ড পুরস্কার' পেলেন প্রখ্যাত তুষার চিতা বিশেষজ্ঞ ও বন্যপ্রাণী সংরক্ষণবিদ ড. চারুদত্ত মিশ্র। এশিয়ার উচ্চ পর্বত বাস্তুতন্ত্রে বড় বিড়াল প্রজাতির সংরক্ষণ ও পুনরুদ্ধারের ক্ষেত্রে আদিবাসী সম্প্রদায়ের মানুষকে জড়িত করার ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য এই পুরস্কার পেলেন তিনি। এটি তাঁর দ্বিতীয় 'হুইটলে' পুরস্কার। ২০০৫ সালে প্রথমবার এই পুরস্কার পান তিনি। প্রসঙ্গত উল্লেখ্য, সংরক্ষণের ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য যুক্তরাজ্যের 'হুইটলি ফান্ড ফর নেচার'এর তরফ থেকে প্রতিবছর এই পুরস্কার দেওয়া হয়।

□ বলিউড অভিনেত্রী দীপিকা পাড়ুকোনের মুকুটে যোগ হল নতুন পালক। ৭৫ তম 'কান চলচ্চিত্র উৎসব'এর জুরির সদস্য হচ্ছেন তিনি। ৭৫ তম চলচ্চিত্র উৎসবে মোট ৯ জন জুরি বা বিচারক রয়েছেন, যাঁদের মধ্যে একজন দীপিকা। এ'বছর উৎসবের সেরা পুরস্কার 'পাম দ'এর নির্বাচন কমিটির জুরিদের অন্যতম দীপিকা। প্রসঙ্গত উল্লেখ্য, দীপিকার আগে বলিউড অভিনেত্রী বিদ্যা বালান, ঐশ্বর্য রাই বচ্চন, নন্দিতা দাস ও শর্মিলা ঠাকুর কান চলচ্চিত্র উৎসবের জুরি বোর্ডের সদস্য হয়েছিলেন।

□ ৩ দিনের গুজরাত সফরের সময়, ১৯ এপ্রিল, 'দুধ বাণী ৯০.৪' নামে কমিউনিটি রেডিও স্টেশনের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী মোদী। দেশের প্রথম কমিউনিটি রেডিও স্টেশন এটি, যা শুধুমাত্র গবাদি পশুপালনকারীদের জন্য উৎসর্গ করা হয়েছে। এই 'দুধ বাণী' কমিউনিটি রেডিও স্টেশনের লক্ষ্য, পশুপালন ও কৃষির সঙ্গে সম্পর্কিত প্রয়োজনীয় বৈজ্ঞানিক তথ্য কৃষকদের সরবরাহ করা। এই রেডিও স্টেশনটি গুজরাত জুড়ে ১,৭০০টি সম্প্রদায়ের প্রায় ৫ লাখ দুধ উৎপাদনকারীকে সংযুক্ত করবে। 'বানাসকাঁথা জেলা সমবায় দুগ্ধ উৎপাদনকারী ইউনিয়ন' বা 'বনস ডেয়ারি' এই কমিউনিটি রেডিও স্টেশনটি তৈরি করেছে।

□ এয়ার নেভিগেশন পরিষেবার ক্ষেত্রে নয়া সাফল্য পেল 'ইন্ডিগো'। বিমান অবতরণে ব্যবহার করা হল 'GAGAN' (জিপিএস-এডেড জিও-অগমেন্টেড নেভিগেশন) স্যাটেলাইট-ভিত্তিক অগমেন্টেশন সিস্টেম। এটি সম্পূর্ণ দেশীয় প্রযুক্তি। এদিন, 'GAGAN' প্রযুক্তি ব্যবহার করে রাজস্থানের কিশানগড় বিমানবন্দরে সফলভাবে অবতরণ সম্পন্ন করল 'ইন্ডিগো'র 'ATR – 72' বিমান। 'এয়ারপোর্ট অথরিটি অফ ইন্ডিয়া' ও 'ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা' যৌথভাবে এই প্রযুক্তিটি তৈরি করেছে। ভারত ছাড়া, পৃথিবীতে আর মাত্র ৩টি স্পেস-ভিত্তিক অগমেন্টেশন সিস্টেম আছে। এগুলি হল : মার্কিন যুক্তরাষ্ট্র (ওয়াইড এরিয়া অগমেন্টেশন সিস্টেম), ইউরোপ (ইউরোপিয়ান জিওস্টেশনারি নেভিগেশন ওভারলে সার্ভিস) ও জাপান (এমটিএসএটি স্যাটেলাইট অগমেন্টেশন সিস্টেম)। 'ডিরেক্টরেট জেনারেল অফ সিভিল অ্যাভিয়েশন'এর চূড়ান্ত অনুমোদন পেলেই এটি বাণিজ্যিক বিমানের ব্যবহারের জন্য উপলব্ধ হবে। এর ফলে, ছোট বিমানবন্দরে, যেখানে ব্যয়বহুল ইনস্ট্রুমেন্ট ল্যান্ডিং সিস্টেম নেই, সেখানে বিমান অবতরণ সহজ হবে।

**২৯ এপ্রিল** : 'শিবালিক স্মল ফিনান্স ব্যাঙ্ক'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে মনোনীত হলেন আনশুল স্বামী।

□ অনলাইন ঋণ প্ল্যাটফর্ম 'ইন্ডিফি টেকনোলজিস প্রাইভেট লিমিটেড'এর উপদেষ্টা হিসাবে মনোনীত হলেন 'ভারতীয় স্টেট ব্যাঙ্ক'এর প্রাক্তন চেয়ারম্যান রজনীশ কুমার।

□ ভারতের প্রথম রাজ্য হিসাবে, ওয়েবসাইট-ভিত্তিক 'মাইগ্রেশন ট্র্যাকিং সিস্টেম' অ্যাপ্লিকেশন তৈরি করল মহারাষ্ট্র, যেখানে স্বতন্ত্র অনন্য পরিচয় নম্বরের মাধ্যমে অভিবাসী শ্রমিকদের গতিবিধি ট্র্যাক করা যায়। এর লক্ষ্য হল, অভিবাসী সুবিধাভোগীদের 'ইন্টিগ্রেটেড চাইল্ড ডেভেলপমেন্ট সার্ভিসেস'এর আওতায় আনা, যেমন : ১৮ বছরের কম বয়সি শিশু, স্তন্যদানকারী মা ও অঙ্গনওয়াড়ি কেন্দ্রে নিবন্ধিত গর্ভবতী মহিলা।

□ পেরুর বিদেশ মন্ত্রকের তরফ থেকে, সর্বোচ্চ কূটনৈতিক পুরস্কার অর্ডার অফ 'মেরিট ইন দ্য ডিপ্লোম্যাটিক সার্ভিস অফ পেরু জোসে গ্রেগোরিও পাজ সোলডান' পেলেন মুম্বইতে, পেরুর প্রাক্তন রাষ্ট্রদূত আর্দেশির বি.কে.দুবাশ। ভারতে, পেরুর রাষ্ট্রদূত এইচ.ই.কার্লোস আর.পোলো তাঁকে এই পুরস্কার দিয়েছেন। ১৯৭৩ সালের ১৩ আগস্ট দুবাশকে পেরুর রাষ্ট্রদূত হিসাবে মনোনীত করা হয়েছিল।

□ নয়াদিল্লিতে, 'ইন্ডিয়ান বিল্ডিং কংগ্রেস'এর তরফ থেকে 'সেরা পরিকাঠামো প্রকল্প'এর পুরস্কার পেল হিমাচল প্রদেশের রোহটাং'এ 'বর্ডার রোডস অর্গানাইজেশন'এর তৈরি 'অটল টানেল'। তিরিশটিরও বেশি অত্যাধুনিক পরিকাঠামো প্রকল্পকে এই পুরস্কারের জন্য মনোনীত করা হয়েছিল। সেগুলির মধ্যে থেকে এই টানেলটিকে ২০২১ সালে 'বেস্ট প্রোজেক্ট ফর এক্সেলেন্স ইন বিল্ট এনভায়রনমেন্ট' হিসাবে নির্বাচিত করেছে আইবিসি জুরি। প্রসঙ্গত উল্লেখ্য, 'নিউ অস্ট্রিয়ান টানেলিং মেথড' ব্যবহার করে তৈরি এই টানেলটি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২০২০ সালের ৩ অক্টোবর জাতির উদ্দেশ্যে উৎসর্গ করেছিলেন।

□ এশিয়া মহাদেশের প্রথম মহিলা সাঁতারু হিসাবে, প্রায় ৪৩ কিলোমিটার দীর্ঘ মার্কিন মুলুকের বিখ্যাত 'মলোকাই চ্যানেল' জয় করে ইতিহাস গড়লেন বাংলা তথা পূর্ব বর্ধমান জেলার কালনার বাসিন্দা ২৪ বছর বয়সি মহিলা সাঁতারু সায়নী দাস। ২৮ এপ্রিল, ভারতীয় সময় সকাল ১০টা নাগাদ মলোকাইয়ের জলে নামেন তিনি। তারপর টানা ১৯ ঘন্টার বেশি সাঁতার কেটে এই চ্যানেল জয় করেন সায়নী। প্রসঙ্গত উল্লেখ্য, এর আগে ২০১৭ সালে 'ইংলিশ চ্যানেল', ২০১৮ সালে অস্ট্রেলিয়ার 'রটনেস্ট' ও ২০১৯ সালে মার্কিন যুক্তরাষ্ট্রের 'ক্যাটালিনা চ্যানেল' জয় করেন তিনি।

**৩০ এপ্রিল** : পর্যটকদের আকর্ষণের জন্য, ভিয়েতনামে চালু হল বিশ্বের বৃহত্তম কাচের সেতু। উত্তর-পশ্চিম ভিয়েতনামের সন লা প্রদেশে চালু হওয়া এই সেতুটির নাম 'বাচ লং' ('হোয়াইট ড্রাগন' নামেও পরিচিত)। সবুজ জঙ্গলের ওপর ১৫০ মিটার (৪৯০ ফুট) উচ্চতায় এই সেতুটি তৈরি করা হয়েছে, যার মোট দৈর্ঘ্য ৬৩২ মিটার (৬৯০ গজ)। সেতুটির মেঝে ৪০ মিলিমিটার পুরু ফরাসি টেম্পারড কাচের তিনটি স্তর নিয়ে গঠিত, যা একবারে ৪৫০ জনকে বহন করতে পারে। প্রসঙ্গত উল্লেখ্য, চিনের গুয়াংডংয়ে অবস্থিত ৫২৬ মিটার দীর্ঘ সেতুকে অতিক্রম করে গেছে ভিয়েতনামের এই সেতুটি।

□ 'মেরি কম রিজিওনাল বক্সিং ফাউন্ডেশন'এর সহযোগিতায়, 'ড্রিমজ্যাব' কর্মসূচি চালু করার কথা ঘোষণা করল ক্রীড়া প্রযুক্তি কোম্পানি 'ড্রিম স্পোর্টস'এর একটি শাখা 'ড্রিম স্পোর্টস ফাউন্ডেশন'। এই কর্মসূচির অধীনে, ৩০ জন তরুণ ক্রীড়াবিদকে বক্সিংয়ে প্রশিক্ষণ দেওয়া হবে।

□ ইংল্যান্ডের চতুর্থ বিভাগের ফুটবল দল 'ক্রলি টাউন এফসি' কিনল মার্কিন যুক্তরাষ্ট্রের ক্রিপ্টোকারেন্সি গ্রুপ 'ওয়েগমি ইউনাইটেড'। কোনো ক্রিপ্টোকারেন্সি কোম্পানির ফুটবল ক্লাব কেনার ঘটনা এই প্রথম। এটির আগে, চতুর্থ বিভাগেরই আরও একটি দল 'ব্র্যাডফোর্ড সিটি' কিনতে চেয়েছিল 'ওয়েগমি'। কিন্তু সমর্থকদের সমর্থন না পাওয়ায় শেষপর্যন্ত 'ব্র্যাডফোর্ড' কিনতে পারেনি ওয়েগমি।

□ এসপ্যানিওলকে ৪-০ ব্যবধানে হারিয়ে, ৩৫ তম স্প্যানিশ লিগের শিরোপা জিতল রিয়াল মাদ্রিদ। এই নিয়ে ৩৫ বার স্পেনের ঘরোয়া লিগ দখলে গেল তাদের।

**১ মে** : 'ভারতীয় বিমান বাহিনী'র ডিরেক্টর জেনারেল (ইন্সপেকশন অ্যান্ড সেফটি) হিসাবে মনোনীত হলেন এয়ার মার্শাল সঞ্জীব কাপুর।



**মার্কিন যুক্তরাষ্ট্রের গুপ্তচর সংস্থা 'সেন্ট্রাল ইন্টেলিজেন্স এজেন্সি'র প্রথম চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে মনোনীত হলেন ভারতীয় বংশোদ্ভূত নন্দ মুলচান্দানি।**

□ 'সেন্ট্রাল বোর্ড অফ ডিরেক্ট ট্যাক্সেস'এর চেয়ারম্যান হিসাবে অতিরিক্ত দায়িত্ব নিলেন সঙ্গীতা সিং।

□ ২০২২ সালে 'লস অ্যাঞ্জেলেসে ভারতীয় চলচ্চিত্র উৎসব'এর সমাপ্তি অনুষ্ঠানে, 'সেরা ফিচার চলচ্চিত্র'এর জন্য 'গ্র্যান্ড জুরি পুরস্কার' পেল আদিত্য বিক্রম সেনগুপ্ত পরিচালিত 'ওয়ান্স আপন এ টাইম ইন ক্যালকাটা' চলচ্চিত্র। এছাড়াও, এই অনুষ্ঠানে 'সেরা ফিচার চলচ্চিত্র অভিষেক'এর জন্য, উদ্বোধনী 'উমা দা কুনহা পুরস্কার' পেল আনমোল সিধু পরিচালিত 'জগ্নি' চলচ্চিত্র ও 'সেরা ফিচার'এর জন্য 'অডিয়েন্স চয়েজ পুরস্কার'ও জিতেছে এই চলচ্চিত্রটি।

□ 'মুখ্যমন্ত্রী মিতান যোজনা' ('মিতান' কথাটির অর্থ 'বন্ধু') চালু করলেন ছত্তিশগড়ের মুখ্যমন্ত্রী ভূপেশ বাঘেল। এই প্রকল্পের অধীনে, ছত্তিশগড়ের বাসিন্দারা তাঁদের দোরগোড়ায় প্রায় ১০০টি সরকারি পরিষেবা (এর মধ্যে রয়েছে জন্ম শংসাপত্র, জাত শংসাপত্র, আয় শংসাপত্র, বিবাহ শংসাপত্র প্রভৃতি) পাবেন। রায়পুর, দুর্গ, বিলাসপুর ও রাজনন্দগাঁও-সহ রাজ্যের ১৪টি পুর কর্পোরেশনে প্রাথমিকভাবে এই প্রকল্পটি বাস্তবায়িত হবে।

□ 'জন সুরজ' নামে নিজের নতুন দল গড়ছেন ভোটকুশলী প্রশান্ত কিশোর। বিহার থেকেই এই নতুন দলের পথ চলা শুরু হবে বলে জানিয়েছেন তিনি। 'জন সুরজ' কথাটির বাংলা অর্থ হল 'জনতার সূর্য', অর্থাৎ মানুষের সুশাসনকে নিশ্চিত করছেন তিনি।

□ অসুস্থ খামার পশুদের জন্য, ভ্রাম্যমান ভেটেরিনারি স্বাস্থ্য পরিষেবা চালু করল ত্রিপুরা সরকার। সার্জারি সুবিধা, ল্যাবরেটরি ও ডাক্তার দিয়ে সজ্জিত ১২টি ভেটেরিনারি মোবাইল ভ্যান চালু করা হয়েছে, যারা গরু, ছাগল ও শূকরের মতো অসুস্থ প্রাণীদের স্বাস্থ্য পরিষেবা দেবে। এজন্য একটি রাজ্য-স্তরের টোল-ফ্রি নম্বর চালু করা হবে ও পশু মালিকদের কাছ থেকে ফোন পাওয়ার মাত্র ২০ মিনিটের মধ্যেই চিকিৎসা পরিষেবা দেবে।

এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

# GIMS GLOBAL INSTITUTE OF MANAGEMENT STUDIES

## Registered with MSME (Govt. of India)

## আর্থিকভাবে দুর্বল student দের নিজের রোজগারে ভবিষ্যত গড়ে তোলার সুবর্ণ সুযোগ

**HOTEL MANAGEMENT** courses approved by **NATIONAL CENTRE FOR VOCATIONAL AND TECHNICAL EDUCATION (NCVTE)**
(Reg. No. WB/NCVTE/N1047456)

২ বছর / ১ বছর / ৬ মাসের

**হোটেল ম্যানেজমেন্ট**

কোর্স পড়ানো হয়

**Admission Open for 2022**



### আমাদের বৈশিষ্ট্য :

- ভারতে ও বিদেশে পুরোপুরি প্লেসমেন্টের নিশ্চয়তা
- একমাত্র কলেজ, যেখানে কোর্স চলাকালীন 8,000 থেকে 12,000 টাকা পর্যন্ত স্টাইপেন্ড পাওয়া যায়
- সহজ কিস্তিতে কোর্স ফি মেটানোর সুবিধা
- ছাত্রীদের জন্য কোর্স ফি'তে 20% ছাড়
- ছাত্র-ছাত্রীদের জন্য আলাদা হোস্টেলের ব্যবস্থা

**Our Domestic Placement Partner**

ITC, Marriott, Hyatt, Navotel, Sayaji, etc.

**Our International Placement Assistance**

German, U.K., Poland, Abudhabi, Dubai, Qatar etc.

## Our Few Students



| | | |
|---|---|---|
| Santanu Samanta | NOVOTEL HYDERABAD | |
| Nasir Hassan | MR BEKAR KUWAIT | |
| Sunanda Sarkar | GRAND HYATT GOA | |
| Rabius Saini | THE DIPLOMATIC CLUB- QATAR | |
| Azmat Hossain | ITC KAKATIYA HYDERABAD | |
| Sutapa Sarkar | GRAND HYATT GOA | |
| Somnath Patra | MALAYSIA | |
| Alemul Haque | RETAJ SALWA RESORTS AND SPA- QATAR | |
| Badsha Mondal | NATIONAL HOTEL- ABUDHABI | |
| Barun Roy | HEN and CHICKEN PUB & RESTAURANT-U.K. | |
| Shaon Das | ITC ROYAL KOLKATA | |
| Jahangir | THE DIPLOMATIC CLUB- QATAR | |
| Jasdeep Kaur | POLAND | |
| Ajgar Ali Shikh | MR BEKAR KUWAIT | |

**Campus : Lokenath Park, near Chinar Park (Atghara), Behind Aminia Restaurant, Kol- 700157**

**Call : 9836243555, 8420116843, 8274056100, Land line : 033 4804 2616 | www.gimsglobal.co.in**

জেলাভিত্তিক যোগাযোগ করুন ; Saiful- 9002820292 (দক্ষিণ দিনাজপুর) ; Mosarof- 8902832600 (মুর্শিদাবাদ)

## সেনাবাহিনীতে ৪০ টেক. অফিসার

১ পাতার পর

সিভিল, সিভিল ইঞ্জিনিয়ারিং (স্ট্রাকচারাল), স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং, বিল্ডিং ইঞ্জিনিয়ারিং অ্যান্ড কনস্ট্রাকশন, বিল্ডিং অ্যান্ড কনস্ট্রাকশান টেকনোলজি, সিভিল অ্যান্ড রুরাল ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড প্ল্যানিং, সিভিল ইঞ্জিনিয়ারিং (কনস্ট্রাকশন টেকনোলজি), সিভিল অ্যান্ড ইনফ্রাস্টাকচার ইঞ্জিনিয়ারিং, কনস্ট্রাকশন ইঞ্জিনিয়ারিং, কনস্ট্রাকশন ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট, কনস্ট্রাকশন টেকনোলজি, কনস্ট্রাকশন টেকনোলজি অ্যান্ড ম্যানেজমেন্ট, সিভিল অ্যান্ড এনভায়রণমেন্টাল ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং (এনভায়রণমেন্টাল ইঞ্জিনিয়ারিং), সিভিল ইঞ্জিনিয়ারিং এনভায়রণমেন্টাল অ্যান্ড পলিউশন কন্ট্রোল, এনভায়রণমেন্ট ইঞ্জিনিয়ারিং, এনভায়রণমেন্টাল ইঞ্জিনিয়ারিং, এনভায়রণমেন্ট সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, এনভায়রণমেন্টাল সায়েন্স অ্যান্ড টেকনোলজি, সিভিল ইঞ্জিনিয়ারিং (পাব্লিক হেলথ ইঞ্জিনিয়ারিং) বা, এনভায়রণমেন্টাল প্ল্যানিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'সিভিল' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ৯টি।

মেকানিক্যাল, মেকানিক্যাল (মেকাট্রনিক্স), মেকানিক্যাল ও অটোমেশন, অ্যাডভান্সড মেকাট্রনিক্স অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল অটোমেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'মেকানিক্যাল' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ৬টি।

ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল (ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার), পাওয়ার সিস্টেম ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স (পাওয়ার সিস্টেম), ইলেক্ট্রিক্যাল অ্যান্ড মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড পাওয়ার, ইলেক্ট্রিক্যাল ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রিক্যাল ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'ইলেক্ট্রিক্যাল / ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ৩টি।

কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স, কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার টেকনোলজি, ৩ডি অ্যানিমেশন অ্যান্ড গ্রাফিক্স, অ্যাডভান্সড কম্পিউটার অ্যাপ্লিকেশন, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড অ্যাপ্লিকেশন, কম্পিউটার নেটওয়ার্কিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড টেকনোলজি, কম্পিউটার অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড সিস্টেম ইঞ্জিনিয়ারিং, কম্পিউটিং ইন কম্পিউটিং, কম্পিউটিং ইন মাল্টিমিডিয়া, কম্পিউটিং ইন সফটওয়্যার, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিনিক্স অ্যান্ড কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ম্যাথমেটিক্স অ্যান্ড কম্পিউটিং, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং (সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং), কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (নেটওয়ার্ক্স), ন্যানো সায়েন্স অ্যান্ড টেকনোলজি, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, মেশিন লার্নিং, ডাটা সায়েন্স প্রোগ্রাম, ন্যানো টেকনোলজি, রোবোটিক্স অ্যান্ড অটোমেশন, অটোমেশন অ্যান্ড রোবোটিক্স-এর ডিগ্রি কিংবা এম.এসসি কম্পিউটার সায়েন্স, এম.এসসি. কম্পিউটার টেকনোলজি কোর্স পাশরা 'কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং /কম্পিউটার টেকনোলজি / এম.এসসি. কম্পিউটার সায়েন্স শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ৮টি।

ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি, সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন সায়েন্স অ্যান্ড টেকনোলজি, ইনফর্মেশন টেকনোলজি, ইনফর্মেশন টেকনোলজি অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, জিও ইনফর্মেটিক্স, এম.এসসি. ইনফর্মেশন টেকনোলজি, এম.এসসি. ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা 'ইনফর্মেশন টেকনোলজি' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ৩টি।

ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (টেকনোলজিশিয়ান ইলেক্ট্রনিক রেডিও), ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশনের ডিগ্রি কিংবা এম.এসসি. ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন কোর্স পাশরা 'ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১টি।

ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল কমিউনিকেশন, কমিউনিকেশন, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স কমিউনিকেশন অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, অ্যাডভান্সড কমিউনিকেশন অ্যান্ড ইনফর্মেশন সিস্টেম, অ্যাডভান্সড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনফর্মেশন সিস্টেম, অ্যাডভান্সড ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কিংবা এম.এসসি.-কমিউনিকেশন ও এম.এসসি. মাইক্রো ইলেক্ট্রনিক্স অ্যান্ড অ্যাডভান্সড কমিউনিকেশন কোর্স পাশরা 'ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ৩টি।

অ্যারোনটিক্যাল, অ্যারোস্পেস, অ্যারো স্পেস ইঞ্জিনিয়ারিং, এয়ারক্র্যাফট মেন্টেন্যান্স, অ্যাভোনিক্স, অ্যাভিয়েশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'অ্যারোনটিক্যাল /অ্যারোস্পেস' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১টি।

প্রোডাকশন, প্রোডাকশন ডিজাইন অ্যান্ড ডেভেলপমেন্ট, প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট, প্রোডাকশন অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১টি।

অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইন্সট্রুমেন্টেশন টেক, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স কমিউনিকেশন অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন / ইন্সট্রুমেন্টেশন' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১টি।

অটোমোবাইল, অটোমোবাইল মেন্টেন্যান্স, অটোমেটিভ টেকনোলজি, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (অটোমোবাইল), মেকানিক্যাল, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (ম্যানুফ্যাকচারিং), মেকানিক্যাল (প্রোডাকশন), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (ওয়েল্ডিং টেকনোলজি), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অটোমোবাইল, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিজাইনের ডিগ্রি কোর্স পাশরা 'অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১টি।

আর্কিটেকচার, আর্কিটেকচারাল, আর্কিটেকচারাল অ্যাসিস্ট্যান্টশিপ, আর্কিটেকচার অ্যান্ড ইন্টেরিয়র ডেকরেশন, আর্কিটেকচার অ্যাসিস্ট্যান্টশিপ ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'আর্কিটেক্ট ইঞ্জিনিয়ারিং' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১টি।

ইলেক্ট্রনিক্সের বিভিন্ন শাখার ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১টি।

ওপরের ওইসব শাখার এবছরের ফাইনাল পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। বয়স হতে হবে ১-১-২০২৩'র হিসাবে ২০ থেকে ২৭ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৯৬ থেকে ১-১-২০০৩'এর মধ্যে।

শরীরের মাপজোখ হতে হবে লম্বায় ১৫৭.৫ সেমি আর ওজন হতে হবে উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। দৃষ্টিশক্তি দরকার ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/১৮। শুরুতে ৪৯ সপ্তাহের ট্রেনিং শুরু আগামী বছর জানুয়ারিতে। তখন স্টাইপেন্ড মাসে ৫৬,১০০ টাকা। সফল হলে লেফটেন্যান্ট পদে চাকরি। তখন মাইনে : ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা।

প্রার্থী বাছাই করবে সার্ভিস সিলেকশন বোর্ড। শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বরের ভিত্তিতে প্রাথমিক বাছাই প্রার্থীদের ইন্টারভিউয়ের 'কল লেটার' পাঠানো হবে। ইন্টারভিউ হবে এলাহবাদ, বেঙ্গালউরু ও ভোপালে। মোট ৫ দিনের এই পরীক্ষায় সাইকোলজি ওরিয়েন্টেড ইন্টেলিজেন্স টেস্ট, গ্রুপ টেস্ট ও ইন্টারভিউ হবে। এরপর ৩-৫ দিনের ডাক্তারি পরীক্ষা। ইন্টারভিউয়ে যাতায়াতের ভাড়া ফেরৎ পাবেন। পরীক্ষা সংক্রান্ত তথ্য ই-মেলে বা, এস.এম.এস.'এ জানানো হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৯ জুনের মধ্যে। এই ওয়েবসাইটে : www.joinindianarmy.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। অনলাইনে দরখাস্ত করার পর ২ কপি অ্যাপ্লিকেশন প্রিন্ট করে নেবেন। ইন্টারভিউয়ের সময় তখন যাবতীয় প্রমাণপত্রের মূল ও প্রিন্ট করা অ্যাপ্লিকেশন ফর্ম নিয়ে যাবেন। কোনো দরখাস্ত ডাকে পাঠাতে হবে না। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## রেলে ১,০৪৪ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

হেলথ স্যানিটারি ইন্সপেক্টর, গ্যাস কাটার, স্টেনোগ্রাফার (হিন্দি), কেবল জয়েন্টার, ম্যাসন, সেক্রেটারিয়েল প্রাক্টিস। কারা কোন ট্রেডের জন্য যোগ্য।

কোনো স্বীকৃত পর্যদ বা, বিশ্ববিদ্যালয় থেকে মোট অন্তত ৫০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশ ছেলেরা এন.সি.ভি.টি.'র অনুমোদিত আই.টি.আই. থেকে সংশ্লিষ্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে সংশ্লিষ্ট ট্রেডের জন্য আবেদন করতে পারেন। ওপরের ওইসব ট্রেডে আই.টি.আই. কোর্স পাশ না হলে আবেদন করবেন না। বয়স হতে হবে ১-৫-২০২২'এর হিসাবে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, আর প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। সব ট্রেডই ১ বছরের। কোন ডিভিশনে ক'টি শূন্যপদ:

নাগপুর ডিভিশনে শূন্যপদ ৯৮০টি। এর মধ্যে ফিটার ১৮৩টি (জেনাঃ ৭৫, তঃজাঃ ২৭, তঃউঃজাঃ ১৪, ও.বি.সি. ৪৯, ই.ডব্লু.এস. ১৮)। কার্পেন্টার ৫৬টি (জেনাঃ ২৩, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ১৫, ই.ডব্লু.এস. ৬)। ওয়েল্ডার ৮৫টি (জেনাঃ ৩৪, তঃজাঃ ১৩, তঃউঃজাঃ ৬, ও.বি.সি. ২৩, ই.ডব্লু.এস. ৯)। সি.ও.পি.এ. ৫০টি (জেনাঃ ১৯, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ১৪, ই.ডব্লু.এস. ৫)। ইলেক্ট্রিশিয়ান ১৬০টি (জেনাঃ ৬৫, তঃজাঃ ২৪, তঃউঃজাঃ ১২, ও.বি.সি. ৪৩, ই.ডব্লু.এস. ১৬)। স্টেনোগ্রাফার (ইংলিশ) / সেক্রেটারিয়েল অ্যাসিস্ট্যান্ট ১৫টি (জেনাঃ ৭, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ১)। প্লাম্বার ৪৫টি (জেনাঃ ১৮, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১২, ই.ডব্লু.এস. ৫)। পেইন্টার ৫৯টি (জেনাঃ ২৪, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ১৬, ই.ডব্লু.এস. ৬)। ওয়্যারম্যান ৬০টি (জেনাঃ ২৪, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৫, ও.বি.সি. ১৬, ই.ডব্লু.এস. ৬)। ইলেক্ট্রনিক্স মেকানিক ৬টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। মেকানিক মেশিন টুল মেন্টেন্যান্স ১০টি (জেনাঃ ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। ডিজেল মেকানিক ১২২টি (জেনাঃ ৫০, তঃজাঃ ১৮, তঃউঃজাঃ ৯, ও.বি.সি. ৩৩, ই.ডব্লু.এস. ১২)। আপহোলস্টার (ট্রিমার) ৬টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। ড্রাইভার কাম মেকানিক (লাইট মোটর ভেহিক্যাল) ৫টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। মেশিনিস্ট ৩০টি (জেনাঃ ১২, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৮, ই.ডব্লু.এস. ৩)। ডিজিটাল ফটোগ্রাফার ২টি (জেনাঃ)। টার্নার ২০টি (জেনাঃ ৮, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৫, ই.ডব্লু.এস. ২)। ডেন্টাল ল্যাবরেটরি টেকনিশিয়ান ৫টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। হসপিটাল ওয়েস্ট ম্যানেজমেন্ট টেকনিশিয়ান ৫টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। হেলথ স্যানিটরি ইন্সপেক্টর ৫টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। গ্যাস কাটার ১৫টি (জেনাঃ ৬, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ২)। স্টেনোগ্রাফার (হিন্দি) ১৫টি (জেনাঃ ৬, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ২)। কেবল জয়েন্টার ৩টি (জেনাঃ ২, ও.বি.সি. ১)। ম্যাসন ১৮টি (জেনাঃ ৭, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৫, ই.ডব্লু.এস. ২)।

মোতিবাগ ওয়ার্কশপে শূন্যপদ ৬৪টি। এর মধ্যে ফিটার ৩৩টি (জেনাঃ ১৩, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ৯, ই.ডব্লু.এস. ৩)। ওয়েল্ডার ৯টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। কার্পেন্টার ১২টি (জেনাঃ ৫, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। পেইন্টার ৫টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। টার্নার ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। সেক্রেটারিয়েল প্রাক্টিস ৩টি (জেনাঃ ১, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। এইপদের বিজ্ঞপ্তি নং : P/NGP/CDR/2021/26, Dated 02.05.2022.

১৯৬১ সালের অ্যাপ্রেন্টিস আইন ও ১৯৬২ সালের অ্যাপ্রেন্টিস নিয়মানুযায়ী ১ বছরের ট্রেনিং। তখন স্টাইপেন্ড পাবেন। হস্টেল নেই। ট্রেনিং শেষে চাকরি পাওয়ার সম্ভাবনা থাকলেও কোনো বাধ্যবাধকতা নেই।

মাধ্যমিকে পাওয়া নম্বর দেখে ও আই.টি.আই. কোর্স পাশের সার্টিফিকেট ও অন্যান্য প্রমাণপত্র দেখে প্রাথমিকভাবে বাছাই প্রার্থীদের শারীরিক সক্ষমতার পরীক্ষার জন্য ডাকা হবে। কোনো লিখিত পরীক্ষা বা, ইন্টারভিউ হবে না। উচ্চ শিক্ষাগত যোগ্যতা থাকলে বাড়তি কোনো সুযোগ পাবেন না। মোট শূন্যপদের ১.২৫ গুণ প্রার্থীকে ডাকা হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৩ জুন পর্যন্ত। এই ওয়েবসাইটে : https://apprenticeshipindia.org এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এজন্য পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। দরখাস্ত করার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। ফর্ম পূরণ করে পাঠাতে ও প্রিন্ট করতে কোনো অসুবিধা হলে সরাসরি ই-মেল করুন এইনম্বরে : arunkumar.0104@gov.in

## অসম রাইফেলসে ১৭৩

১ পাতার পর

কম্পিউটারে কাজ চালানোয় দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : পশ্চিমবঙ্গে ৬টি (জেনাঃ ২, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। ত্রিপুরায় ২টি (জেনাঃ)। ঝাড়খন্ড ৭টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ৩)। অসম ৯টি (জেনাঃ ২, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ১, তঃজাঃ ৪)।

**নায়েব সুবেদার (ব্রিজ ও রোড) : মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য।** বয়স হতে হবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে। শূন্যপদ : পশ্চিমবঙ্গে ১টি (ও.বি.সি.)। অসম ১টি (জেনাঃ)।

**নায়েব সুবেদার (রিলিজিয়াস টিচার) : সংস্কৃতে মধ্যমা ও হিন্দিতে ভূষণ নিয়ে ডিগ্রি কোর্স পাশ ছেলেরা যোগ্য।** বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : পশ্চিমবঙ্গে ১টি (জেনাঃ)। ঝাড়খন্ড ১টি (জেনাঃ)। অসম ১টি (জেনাঃ)।

**হাবিলদার (অপারেটর রেডিও অ্যান্ড লাইন) :** মাধ্যমিক পাশ ছেলেরা আই.টি.আই. থেকে রেডিও অ্যান্ড টেলিভিশন বা, ইলেক্ট্রনিক্স ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরাও যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : পশ্চিমবঙ্গে ৩৪টি (জেনাঃ ১৪, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ৭, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ২)। ত্রিপুরায় ৪টি (জেনাঃ ১, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। ঝাড়খন্ড ৩১টি (জেনাঃ ১১, ই.ডব্লু.এস. ৪, ও.বি.সি. ৪, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ৮)। অসম ৩৩টি (জেনাঃ ১৫, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ৯, তঃজাঃ ২, তঃউঃজাঃ ৪)।

**ওয়ারেন্ট অফিসার (রেডিও মেকানিক) :** মাধ্যমিক পাশ ছেলেরা রেডিও অ্যান্ড টেলিভিশন টেকনোলজি, ইলেক্ট্রনিক্স, টেলিকমিউনিকেশন, কম্পিউটার, ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলেও যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে। শূন্যপদ : পশ্চিমবঙ্গে ৩টি (জেনাঃ ১, তঃজাঃ ২)। ঝাড়খন্ড ৩টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ২)। অসম ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)।

**রাইফেলম্যান (আর্মারার) : মাধ্যমিক পাশ ছেলেরা যোগ্য।** বয়স হতে হবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে। শূন্যপদ : পশ্চিমবঙ্গে ১টি (ও.বি.সি.)। শূন্যপদ : পশ্চিমবঙ্গে ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। ঝাড়খন্ড ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)। অসম ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)।

**রাইফেলম্যান (ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট) : ইংরিজি, অঙ্ক, সায়েন্স, বায়োলজি বিষয় নিয়ে মাধ্যমিক পাশ ছেলেরা যোগ্য।** বয়স হতে হবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে। শূন্যপদ : পশ্চিমবঙ্গে ১টি (ও.বি.সি.)। শূন্যপদ : পশ্চিমবঙ্গে ১টি (ই.ডব্লু.এস.)। ঝাড়খন্ড ১টি (জেনাঃ)। অসম ১টি (জেনাঃ)।

**রাইফেলম্যান (নার্সিং অ্যাসিস্ট্যান্ট) :** ইংরিজি, অঙ্ক, সায়েন্স, বায়োলজি **বিষয় নিয়ে মাধ্যমিক পাশ ছেলেরা যোগ্য।** বয়স হতে হবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে। শূন্যপদ : পশ্চিমবঙ্গে ৪টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। ত্রিপুরায় ১টি (তঃউঃজাঃ)। ঝাড়খন্ড ৪টি (জেনাঃ ১, ও.বি.সি. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। অসম ৪টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃজাঃ ১)।

**রাইফেলম্যান - আয়া (প্যারামেডিক্যাল) :** মাধ্যমিক পাশ ছেলেরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : পশ্চিমবঙ্গে ১টি (ও.বি.সি.)। ঝাড়খন্ড ১টি (ই.ডব্লু.এস.)। অসম ১টি (ও.বি.সি.)।

**রাইফেলম্যান (ওয়্যাশারম্যান) :** মাধ্যমিক পাশ ছেলেরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে। শূন্যপদ : পশ্চিমবঙ্গে ৩টি (ও.বি.সি. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। ঝাড়খন্ড ৩টি (জেনাঃ ২, তঃউঃজাঃ ১)। অসম ৩টি (ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ১, তঃউঃজাঃ ১)।

সব পদের বেলায় বয়স গুণতে হবে ১-৮-২০২২'র হিসাবে। ও.বি.সি. প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৭০ (উপজাতি হলে ১৬২.৫) সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৮০ (উপজাতি হলে ৭৬) সেমি ও ফুলিয়ে ৮৫ (উপজাতি হলে ৮১) সেমি আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন। মেয়েদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭ (উপজাতি হলে ১৫০) সেমি আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে শারীরিক সক্ষমতার পরীক্ষা, ডাক্তারি পরীক্ষা, লিখিত পরীক্ষা ও ইন্টারভিউ হবে। শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে : (১) ছেলেদের বেলায় ২৪ মিনিটে ৫ কি.মি. দৌড় আর মেয়েদের বেলায় সাড়ে ৮ মিনিটে ১.৬ কি.মি. দৌড়। সফল হলে ১০০ নম্বরের লিখিত পরীক্ষা। লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। এরপর হবে ট্রেড টেস্ট ও ডাক্তারি পরীক্ষা। ৭ দিন থাকা-খাওয়ার প্রস্তুতি নিয়ে যাবেন। প্রাক্তন সমরকর্মীদের শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে না।

প্রার্থী বাছাইয়ের র‍্যালি হবে ১ সেপ্টেম্বর থেকে। র‍্যালি হবে : শিলংয়ে। **দরখাস্ত করবেন অনলাইনে ৬ জুন থেকে ২০ জুলাই পর্যন্ত।** এই ওয়েবসাইটে : www.assamrifles.gov.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও অন্যান্য প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১০০ (রিলিজিয়াস টিচার, ব্রিজ ও রোডস পদের বেলায় ২০০) টাকা জমা দেবেন এই অ্যাকাউন্ট নম্বরে : SBI Current Account No. 37088046712 in favour of HQ DGAR Recruitment Branch, Shilong-10 at SBI Laitkor Branch IFSC code -SBIN0013883. তপশিলী, মহিলা ও প্রতিবন্ধীদের ফী লাগবে না। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

TV9 বাংলা চ্যানেল দ্বারা Academic Excellence Award 2021-2022 প্রাপ্ত প্রতিষ্ঠান

# বিবেকানন্দ আশ্রমিক কোচিং সেন্টার

An ISO 9001 : 2015 Certified, Govt.. Regn. No [MAS-1/471, L-76204], Maslandapur, North 24 Parganas

**শংকর দার কোচিং**

জীবন যুদ্ধে থাকবো পাশে

**২৪ বছর**

An Institute with 6500+ Students

যারা এবছর উচ্চমাধ্যমিক পরীক্ষা দিলেন যদি Defence (ARMY, Police, RPF etc) লক্ষ্য থাকে তবে এখন থেকেই প্রস্তুতি নিন।

**কলকাতা পুলিশের চতুর্থ ব্যাচে ভর্তি চলছে**

এক ঝাঁক অভিজ্ঞ শিক্ষক-শিক্ষিকা মণ্ডলীর তত্ত্বাবধানে চলছে আমাদের এই বৃহৎ পরিবার। জীবন যুদ্ধে সফল হতে আপনিও আমাদের পরিবারের সাথে সামিল হন।

**WBP SI Main** পরীক্ষা আসন্ন। ক্লাস শুরু হয়ে গেছে, প্রতিদিন দুটি করে ক্লাস। ক্লাস শুধুমাত্র হেড অফিসে।

**বিজ্ঞপ্তি আসন্ন**

- কলকাতা পুলিশ কনস্টেবল
- আফগারী অ্যাসিস্ট্যান্ট সাব ইন্সপেক্টর
- Railway Protection Force
- WBP Lady Constable — (Vacancy 4500)
- WBP Constable, সেনাবাহিনী, স্কুল সার্ভিস (SLST)
- SSC Group C & D, etc. সব বিষয়ে ভর্তি চলছে

যারা আগামী দিনে সেনাবাহিনী, KP, WBP, RPF এ আবেদন করবেন তাদের জন্য হেড অফিসে Physical এর ব্যবস্থা করা হয়েছে। Physical এ রান, লং জাম্প, হাই জাম্প, বিম টেস্ট সবই করানো হবে। Physical এর জন্য ভর্তি ফি 500 টাকা ও প্রতিমাসে 200 টাকা। অভিজ্ঞ Ex-Army দ্বারা Physical করানো হয়। ভর্তির জন্য হেড অফিসের ফোন নম্বরে যোগাযোগ করুন।

উত্তরবঙ্গের ছাত্রছাত্রীদের সুবিধার জন্য দিনহাটাতে নতুন ব্রাঞ্চ খোলা হবে। কোচিং নিতে আগ্রহীরা **9733894444**-এ ফোন করুন।

বর্তমানে সরকারী চাকরী পেতে হলে প্রয়োজন সঠিক প্রস্তুতি, নিয়মিত মক-টেস্ট। তাই দেরী না করে এখনই ভর্তির জন্য যোগাযোগ করুন

প্রতি পরীক্ষার আগে প্রচুর মকটেস্ট নেওয়া হয়।

হেড অফিসে আবাসিকদের জন্য Evening ক্লাসের ব্যবস্থা আছে।

হেড অফিসে Physical এর ব্যবস্থা আছে।

দূরাবর্তী ছাত্র ও ছাত্রীদের থাকা ও খাওয়ার জন্য হেড অফিসে পর্যাপ্ত জায়গা আছে। বেশী দেরী করলে থাকার জায়গা পাবেন না।

পুলিশ ও সেনাবাহিনীতে সবচেয়ে বেশি চাকরী পায় এই প্রতিষ্ঠান থেকে

**RPF** শূন্যপদ আসন্ন, বিজ্ঞপ্তি বেরোনোর সম্ভাবনা জুলাই মাস নাগাদ। ভর্তি চলছে।

প্রতিটি শাখায় প্রয়োজন হলে আগে Demo Class করুন তারপর ভর্তি হন।

ফ্যাকাল্টি চাই : বাঁকুড়া ও সিমলাপাল শাখার জন্য অভিজ্ঞ Math শিক্ষক / শিক্ষিকা চাই, বাঁকুড়া অগ্রগণ্য, CV পাঠান : 9733814088

Railway Gr-D | ANM / GNM Nursing | SSC MTS | AIRFORCE X & Y | WBP SI | R.P.F | সেনাবাহিনী | SSC আটবাহিনী

WBP (MAIN) | Primary TET | Railway Gr-D | স্কুল সার্ভিস গ্রুপ C ও D | কলকাতা পুলিশ | Coast Guard | Upcoming WBP

## হেড অফিস (সপ্তাহে ৭ দিনই খোলা)

মছলন্দপুর, উত্তর ২৪ পরগনা (শিয়ালদহ থেকে বনগাঁ লোকালে মছলন্দপুর স্টেশন সংলগ্ন জাগরণী সংঘের সন্নিকটে)

Admission Helpline 9733894444, 9547004388

## বারাসাত শাখা (শুক্রবার বন্ধ)

বারাসাত ১ নং টিকিট কাউন্টারের নীচে বিবেক সংঘের বিপরীতে চতুর্থ তল

Admission Helpline 9635428886

## বাঁকুড়া শাখা

কাটজুড়িডাঙ্গা, বাঁকুড়া (বাসস্ট্যান্ডের সন্নিকটে সরস্বতী ক্লাবের দোতলায়)

Admission Helpline 8001693133

## বসিরহাট শাখা

ভ্যাবলা রেলস্টেশন সংলগ্ন পাটকেল মোজার খোলার আগে সামাদ ডাক্তারের বাড়ির দোতলায়

Admission Helpline 9647303005

## বারুইপুর শাখা

ঠিকানা : বারুইপুর রেল গেট ও কোর্টের মাঝখানে প্রমীলা হাউস, ৫ম তল, মহানাম বস্ত্রালয়ের পাশে

Admission Helpline 7557050701

## তমলুক শাখা

ঠিকানা : নিমতৌড়ি তমলুক, পূর্ব মেদিনীপুর নিমতৌড়ি বাসস্ট্যান্ডে নেমে তমলুকের দিকে কুলবেড়্যা স্টপেজ। অনুরাগ Xerox এর উপরে।

Admission Helpline 8328770363

## সিমলাপাল শাখা

ঠিকানা : সিমলাপাল স্কুল মোড়, MLA অফিসের ৩য় তল।

Admission Helpline 7001867319

# W.B.C.S প্রিলিমিনারি পরীক্ষা



**পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের ২০২২ সালের ডব্লু.বি.সি.এস. (এক্সিকিউটিভ) পদের প্রিলিমিনারি পরীক্ষা হবে ১৯ জুন। প্রিলিমিনারি পরীক্ষায় মোট ২০০ নম্বরের ২০০টি প্রশ্ন হয়। এইসব বিষয়ে : (১) জেনারেল ইংলিশ, (২) জেনারেল সায়েন্স, (৩) কারেন্ট অ্যাফেয়ার্স, (৪) ভারতের ইতিহাস, (৫) ভারতের ভূগোল, (৬) ভারতের রাষ্ট্রনীতি ও অর্থনীতি, (৭) ভারতের স্বাধীনতা সংগ্রাম, (৮) জেনারেল মেন্টাল এবিলিটি। প্রতিটি পার্টে থাকবে ২৫টি করে প্রশ্ন। সময় আড়াই ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হয়। এবছর প্রিলিমিনারি পরীক্ষায় ঠিক যেমন ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১০০টি প্রশ্নের উত্তর নিয়ে আলোচনা করা হল। পরিকল্পনা ও রূপায়ণে কর্মসংস্থান পত্রিকার সহ সম্পাদক রঞ্জিৎ ঘোষ।**

1. ভারতের কোন রাজ্য প্রথম লোকায়ুক্ত নিয়োগ করেছে?
(A) মহারাষ্ট্র (B) অন্ধ্র প্রদেশ (C) বিহার (D) কেরালা

2. রাজ্যসভার চেয়ারম্যান কে হন?
(A) বিরোধী দলের নেতা (B) রাষ্ট্রপতির মনোনীত সদস্য
(C) ভারতের উপরাষ্ট্রপতি (D) উপরাষ্ট্রপতির মনোনীত সদস্য

3. আইন প্রণয়নের জন্য যুগ্ম তালিকার অন্তর্ভুক্ত বিষয় সংখ্যা কত?
(A) 4 (B) 47 (C) 5 (D) 57

4. ভারতীয় সুপ্রিম কোর্টে বিচারকের সংখ্যা বাড়ানোর ক্ষমতা শুধুমাত্র কার আছে?
(A) ভারতের রাষ্ট্রপতি (B) লোকসভা
(C) ভারতের প্রধান বিচারপতি (D) আইন কমিশন

5. ভারতীয় সংবিধানের কোন ধারায় কেন্দ্র ও রাজ্যগুলির মধ্যে আর্থিক সম্পর্কের বিষয়ে সুপারিশ করার জন্য অর্থ কমিশন গঠনের সংস্থান করা হয়েছে?
(A) 245 ধারা (B) 280 ধারা (C) 356 ধারা (D) 370 ধারা

6. গণপরিষদের সভাপতি কে ছিলেন?
(A) ভীমরাও রামজি আম্বেদকর (B) চক্রবর্তী রাজাগোপালাচারী
(C) রাজেন্দ্র প্রসাদ (D) জওহরলাল নেহরু

7. পার্লামেন্টে অর্থ বিল অনুমোদনের জন্য নীচের কোনটি অপরিহার্য নয়?
(A) লোকসভার অনুমোদন (B) অর্থমন্ত্রীর অনুমোদন
(C) রাজ্যসভার অনুমোদন (D) এর কোনোটিই নয়

8. ভোটদানের ন্যূনতম বয়স ভারতে 21 বছর থেকে কমিয়ে 18 বছর করা হয় কোন দশকে?
(A) 1960 এর দশকে (B) 1970 এর দশকে
(C) 1980 এর দশকে (D) 1990 এর দশকে

9. চিনা পর্যটক হিউয়েন সাঙ কার শাসনকালে ভারতে এসেছিলেন?
(A) সমুদ্রগুপ্ত (B) অশোক (C) হর্ষবর্ধন (D) প্রথম কুলতুঙ্গা

10. ভারতে প্রথম কে প্রতীকি মুদ্রা চালু করেন?
(A) ইলতুৎমিস (B) আলা-উদ-দ্বীন খিলজি
(C) মহম্মদ বিন তুঘলক (D) শেরশাহ সুরি

11. তুঘলক বংশের শেষ সম্রাট কে ছিলেন?
(A) ফিরোজ শাহ তুঘলক (B) সুলতান গিয়াস-উদ-দ্বীন তুঘলক দ্বিতীয়
(C) নাসির-উদ-দ্বীন মাহমুদ (D) নসরত শাহ

12. শিখ গুরুদের কে গুরুমুখী লিপির প্রচলন করেছিলেন?
(A) গুরু অঙ্গদ (B) গুরু অমরদাস
(C) গুরু রামদাস (D) গুরু অর্জুনদেব

13. বারদোলি সত্যাগ্রহের (1928) নেতা কে ছিলেন?
(A) সর্দার বল্লভভাই প্যাটেল (B) মহাত্মা গান্ধী
(C) ভিটলভাই প্যাটেল (D) মহাদেব দেশাই

14. 'ইন্ডিয়ান ন্যাশনাল আর্মি'র প্রথম কম্যান্ডার কে ছিলেন?
(A) রাসবিহারী বসু (B) মোহন সিং
(C) সুভাষ চন্দ্র বসু (D) নিরঞ্জন সিং গিল

15. বল্লভভাই প্যাটেলকে কে 'সর্দার' উপাধি দিয়েছিলেন?
(A) চক্রবর্তী রাজাগোপালাচারী (B) মহাত্মা গান্ধী
(C) জওহরলাল নেহরু (D) মহম্মদ আলি জিন্নাহ

16. 'হিন্দ স্বরাজ' বইটি কার লেখা?
(A) বাল গঙ্গাধর তিলক (B) বিনোবা ভাবে
(C) চন্দ্র শেখর (D) মহাত্মা গান্ধী

17. কণিষ্কের রাজধানী কী ছিল?
(A) বেনারস (B) এলাহাবাদ (C) সারনাথ (D) পুরুষপুর

18. আহমদ শাহ আবদালি কবে প্রথম ভারত আক্রমণ করেন?
(A) 1740 খ্রিস্টাব্দ (B) 1757 খ্রিস্টাব্দ
(C) 1748 খ্রিস্টাব্দ (D) 1755 খ্রিস্টাব্দ

19. নীচের কোনটির নিদর্শন 'সিন্ধু সভ্যতা'য় পাওয়া যায়নি?
(A) স্নানাগার (B) শস্যাগার
(C) মন্দির (D) নগর-প্রাচীর

20. আকবর আসার আগে তানসেন কার সভায় ছিলেন?
(A) যোধপুরের রাজার সভায়
(B) জয়পুরের রাজার সভায়
(C) রামচন্দ্রের রাজার সভায়
(D) গন্ডোয়ানার রাজার সভায়

21. কার রাজত্বকালে মেবারের রাজপুতরা মোগলদের কাছে নতি স্বীকার করেছিলেন ও প্রথমবারের জন্য মোগল আধিপত্য মেনে নিয়েছিলেন?
(A) আকবর (B) জাহাঙ্গীর
(C) শাহজাহান (D) ঔরঙ্গজেব

22. চিনা পরিব্রাজক ফা-হিয়েন গুপ্তযুগে ভারতে এসেছিলেন প্রাথমিকভাবে —
(A) বাণিজ্যিক সম্পর্ক স্থাপন করতে
(B) এই সুন্দর দেশটি ভ্রমণ করতে
(C) গৌতম বুদ্ধের শিক্ষা সম্পর্কে জ্ঞান লাভ করতে
(D) এখানকার মানুষদের জীবনযাত্রা সম্পর্কে একটি বই লিখতে

23. 'জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড'এ গুলি চালানোর নির্দেশ দিয়েছিলেন কে?
(A) লর্ড সাইমন (B) রাওলাট
(C) ও'ডায়ার (D) কার্জন উইলি

24. মানুষের শরীরের সবথেকে কঠিন বস্তু কোনটি?
(A) অস্থি (B) এনামেল (C) ডেন্টাইন (D) নখ

25. ভারতের সংবিধানে 'Rule of Law' বিষয়টি কোন দেশের সংবিধান থেকে গৃহীত হয়েছে?
(A) জার্মান (B) ব্রিটেন
(C) মার্কিন যুক্তরাষ্ট্র (D) চিন

26. আখ থেকে উৎপন্ন অ্যালকোহলকে কোন দেশে মোটরগাড়ি চালানোয় বিকল্প জ্বালানি হিসাবে ব্যবহার করা হয়?
(A) ভারত (B) মরক্কো
(C) ইন্দোনেশিয়া (D) ব্রাজিল

27. ভারতের অষ্টম তফশিলে কতগুলি ভাষা আছে?
(A) 14টি (B) 18টি (C) 22টি (D) 27টি

28. পশ্চিমবঙ্গের সবথেকে বৃষ্টিবহুল জেলা কোনটি?
(A) দার্জিলিং (B) উত্তর দিনাজপুর
(C) কোচবিহার (D) জলপাইগুড়ি

29. ভারতীয় অর্থনীতিতে COFEPOSA আইনটি প্রণীত হয় কত সালে?
(A) 1947 (B) 1973 (C) 1974 (D) 1980

30. মুদ্রাস্ফীতি কাদের পক্ষে সবথেকে বেশি লাভজনক?
(A) ঋণদাতা (B) বেতনভুক
(C) ঋণগ্রহীতা (D) শ্রমিক শ্রেণি

31. ক্যান্সারের কারণ যে জিনগুলির সক্রিয়তা তা হল —
(A) রেগুলেটরী জিন (B) অঙ্কোজিন
(C) স্ট্রাকচারাল জিন (D) জাম্পিং

32. চিন সাগরে তৈরি হওয়া প্রবল ঘূর্ণিঝড়কে কী বলে?
(A) সাইক্লোন (B) টর্নেডো
(C) টাইফুন (D) হ্যারিকেন

33. কোন DNA-তে নাইট্রোজেন বেস অনুপস্থিত?
(A) ইউরাসিল (B) অ্যাডিনাইন
(C) থাইমিন (D) সাইটোসিন

34. নীচের কোন নদী পার্বত্য অঞ্চলের মধ্যে দিয়ে প্রবাহিত?
(A) দামোদর (B) জলঙ্গী (C) তিস্তা (D) শিলাই

35. স্বাভাবিক তেজস্ক্রিয়তা কে আবিষ্কার করেন?
(A) মাদাম কুরি (B) অ্যান্টনি হেনরি বেকারেল
(C) আর্নেস্ট রাদারফোর্ড (D) ফ্রেডেরিক সডি

36. রাস্তায় জমা বরফ পরিষ্কার করতে ক্যালসিয়াম ক্লোরাইড ($CaCl_2$) ব্যবহার করা হয় কেন?
(A) এটি তাপশোষণকারী পদার্থ
(B) এটি হিমাঙ্কের অবনমন ঘটায়
(C) এটি হিমাঙ্কের উন্নয়ন ঘটায়
(D) এটি বরফ গলনের লীনতাপ কমায়

37. 'হুড্রু' জলপ্রপাত কোন নদীর ওপরে অবস্থিত?
(A) সবরমতি (B) সুবর্ণরেখা
(C) মাহী (D) বৈতরণী

38. অভিব্যক্তি সংক্রান্ত সূত্র কে আবিষ্কার করেন?
(A) ল্যামার্ক (B) ডারউইন
(C) দ্য ভ্রিস (D) ভাইসম্যান

39. 'কাঞ্চনজঙ্ঘা ন্যাশনাল পার্ক' কোথায় অবস্থিত?
(A) উত্তর প্রদেশ (B) পশ্চিমবঙ্গ
(C) সিকিম (D) জম্মু ও কাশ্মীর

40. 'ন্যাপথলিন'এর উৎস কী?
(A) কোল্টার (B) ক্যাম্ফোর
(C) ডিজেল (D) চারকোল

41. 'সিমসা' ও 'ভবানী' কার উপনদী?
(A) কাবেরী (B) কৃষ্ণা (C) গোদাবরী (D) নর্মদা

42. 'সেন্ট্রাল রাইস রিসার্চ ইনস্টিটিউট' কোথায় অবস্থিত?
(A) পুসা (B) দিল্লি (C) কটক (D) দেরাদুন

43. লুপ্তপ্রায় সংখ্যাটি নির্ণয় করুন।




(A) 109 (B) 12 (C) 110 (D) 65

44. নীচের চিত্রের লুপ্ত বর্ণ নির্ণয় করুন।

| | | |
|---|---|---|
| A | D | H |
| F | I | M |
| ? | N | R |

(A) N (B) K (C) L (D) T

45. $\frac{1}{8}, \frac{1}{4}$, ?, 3, 15, 90
(A) $\frac{2}{3}$ (B) $\frac{3}{4}$ (C) $\frac{1}{2}$ (D) $\frac{2}{3}$

46. বার্মা : মায়ানমার : : সিংহল : ?
(A) শ্রীলঙ্কা (B) সিকিম
(C) ভারত (D) পাক-ই-স্তান

47. নীচের কোন শব্দটি option দেওয়া শব্দের অক্ষরগুলি দিয়ে গঠিত নয়?
MANAGEMENT
(A) MANAGE (B) MAGNET
(C) NAGMET (D) MOMENT

48. নীচের চিত্রে ক'টি ত্রিভুজ রয়েছে বর্ণনা করুন।



(A) 12 (B) 14 (C) 16 (D) 20

49. লীলা শেঠ নামটি কীসের সঙ্গে যুক্ত?
(A) ভারতের প্রথম মহিলা নির্বাচন কমিশনার
(B) হাই কোর্টের প্রথম মহিলা প্রধান বিচারপতি
(C) ভারতের প্রথম মহিলা গভর্নর
(D) ইউপিএসসি'র প্রথম মহিলা চেয়ারপার্সন

50. জৈব রসায়নে অতি প্রয়োজনীয় গ্রিগনার্ড বিকারক প্রস্তুতিতে নীচের কোনটি ব্যবহৃত হয়?
(A) অ্যালুমিনিয়াম (B) জিঙ্ক
(C) কপার (D) ম্যাগনেশিয়াম

51. নীচের কোনটি সবথেকে উঁচু পদ?
(A) রাজ্যসভার ডেপুটি চেয়ারম্যান (B) বিমানবাহিনীর প্রধান
(C) লোকসভার অধ্যক্ষ (D) সুপ্রিম কোর্টের বিচারক

52. কোন ধাতুটি সাধারণ উষ্ণতায় জলের সঙ্গে বিক্রিয়া করে —
(A) K (B) Ca (C) Na (D) Mg

53. ইংরিজি বর্ণমালার প্রথম অর্ধের শেষ থেকে পঞ্চম বর্ণের ডান দিকের 14 তম বর্ণের বাঁদিকের দশম বর্ণ কোনটি?
(A) M (B) N (C) P (D) S

54. দেবাশীষবাবু একটি ছবির দিকে তাকিয়ে বললেন, 'মেয়েটি হল আমার পুত্রের একমাত্র ভাইয়ের স্ত্রী'। মেয়েটি দেবাশীষ বাবুর কে হয়?
(A) মেয়ে (B) পুত্রবধূ (C) বোন (D) মাসি

55. অপূর্ব তার বাড়ি থেকে পূর্বদিকে 20 ফুট হাঁটার পর বামদিকে ঘুরে 30 ফুট গেল। এরপর সে পশ্চিমদিকে 100 ফুট হাঁটার পর বামদিকে 30 ফুট হাঁটল ও সবশেষে আবার বামদিকে ঘুরে 40 ফুট হাঁটার পর থামল। এখন অপূর্ব তার বাড়ি থেকে কত দূরে ও কোনদিকে দাঁড়িয়ে আছে?
(A) 20 ফুট দূরে পশ্চিমদিকে (B) 20 ফুট দূরে পূর্বদিকে
(C) 25 ফুট দূরে উত্তরদিকে (D) 40 ফুট দূরে পশ্চিমদিকে

56. বিকেল 4টের সময় ঘড়ির ঘণ্টার কাঁটা দক্ষিণ-পশ্চিম দিকে থাকলে মিনিটের কাঁটা কোন দিকে থাকবে?
(A) পূর্ব (B) পশ্চিম (C) উত্তর (D) দক্ষিণ

57. The expression 'holier than thou' means
(A) pure (B) religious
(C) moralistic (D) sanctimonious

58. It is nine o'clock in Darjeeling in the morning and ___.
(A) there is snow (B) it is snowing
(C) it snows (D) it snowed

59. Change the voice of the verb and select the correct answer 'The script is being written.'
(A) The script will have to be written
(B) Write the script
(C) They are writing the script.
(D) They have been writing the script.

60. Fill in the blank with the correct phrasal verb :
The teacher will ___ a new chapter tomorrow.
(A) take over (B) take up with
(C) take down (D) take off

## উত্তর

1(C). 2(C). 3(B). 4(B). 5(B). 6(C). 7(B). 8(C). 9(C). 10(C). 11(C). 12(A). 13(A). 14(B). 15(B). 16(D). 17(D). 18(C). 19(C). 20(C). 21(B). 22(C). 23(C). 24(B). 25(B). 26(D). 27(C). 28(D). 29(D). 30(C). 31(B). 32(C). 33(A). 34(C). 35(B). 36(B). 37(B). 38(B). 39(C). 40(A). 41(A). 42(C). 43(A). 44(B). 45(B). 46(A). 47(D). 48(C). 49(B). 50(D). 51(C). 52(D). 53(A). 54(B). 55(D). 56(C). 57(D). 58(B). 59(C). 60(B).

## মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের পরীক্ষা

পশ্চিমবঙ্গ মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের বিজ্ঞপ্তি নং 2/2022-এর ডেপুটি ম্যানেজার পদের পরীক্ষা হবে ২৯ মে। বিজ্ঞপ্তি নং ৩/২০২২-এর ফুড সেফটি অফিসার, বিজ্ঞপ্তি নং ৬/২০২২-'এর সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল), বিজ্ঞপ্তি নং ৭/২০২২-এর সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল) পদের লিখিত পরীক্ষা হবে ৫ জুন। অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : www.mscwb.org

## ৬৫০ এক্সিকিউটিভ

১ পাতার পর

পরীক্ষা কলকাতা, শিলিগুড়ি, কল্যাণী, হুগলি, দুর্গাপুর, বর্ধমান, আসানসোল, আগরতলায়। ১২০ নম্বরের ১২০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) অ্যাওয়ারনেস (ইন্ডিয়া পোস্ট পেমেন্ট ব্যাঙ্ক) - ২০টি, (খ) বেসিক ব্যাঙ্কিং /পেমেন্ট ব্যাঙ্ক অ্যাওয়ারনেস - ২০টি, (গ) জেনারেল অ্যাওয়ারনেস - ১৫টি, (ঘ) কম্পিউটার অ্যাওয়ারনেস, ডিজিটাল পেমেন্ট /ব্যাঙ্কিং ও টেলিকম অ্যাওয়ারনেস - ২০টি, (ঙ) নিউমেরিক্যাল এবিলিটি - ২০টি, (চ) রিজনিং এবিলিটি - ১৫টি, (ছ) ইংলিশ ল্যাঙ্গোয়েজ - ১০টি। সময় থাকবে ৯০ মিনিট। নেগেটিভ মার্কিং নেই। ন্যূনতম ৪০% নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন।

দরখাস্ত করবেন অনলাইনে, ২০ মে'র মধ্যে। এই ওয়েবসাইটে : www.ippbonline.com এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার ও লেফট থাম্ব ইমপ্রেশন স্ক্যান করে নেবেন। এছাড়াও নিচের এই প্যারাগ্রাফটি নিজের হাতে লিখে স্ক্যান করবেন 'I............. (Name of the candidate), hereby declare that all the information submitted by me in the application form is correct, true and valid. I will present the supporting documets as and when required'. প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে আর স্ক্যান করা প্রমাণপত্র আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৭০০ টাকা অনলাইনে জমা দেবেন ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## কমান্ড হাসপাতালে ৬৫ কুক, ট্রেডসম্যান মেট

**নিজস্ব সংবাদদাতা :** হেড কোয়ার্টার্স ওয়েস্টার্ণ কমান্ড বারবার, চৌকিদার, সাফাই ওয়ালি, স্ট্যাটিস্টিক্যাল অ্যাসিস্ট্যান্ট, কুক, ট্রেডসম্যান মেট, ওয়াশ্যারম্যান পদে ৬৫ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**বারবার :** মাধ্যমিক পাশরা বারবারের কাজে দক্ষতা থাকলে যোগ্য। সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা থাকলে ভালো হয়। শূন্যপদ : ২টি (জেনাঃ)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১।

**চৌকিদার :** মাধ্যমিক পাশরা যোগ্য। সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা থাকলে ভালো হয়। শূন্যপদ : ১১টি (জেনাঃ ৮, তঃজাঃ ১, ই.ডব্লু.এস. ২)। এর মধ্যে প্রাঃসঃকঃ ২, প্রতিবন্ধী ১।

**সাফাইওয়ালি :** মাধ্যমিক পাশ মেয়েরা যোগ্য। সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা থাকলে ভালো হয়। শূন্যপদ : ২৭টি (জেনাঃ ১৫, ই.এস.ডব্লু. ৪, তঃজাঃ ৪, ও.বি.সি. ৪)। এর মধ্যে প্রতিবন্ধী ১।

**কুক :** মাধ্যমিক পাশরা যোগ্য। ভারতীয় খাবার রান্নার কাজে দক্ষতা থাকতে হবে। শূন্যপদ : ৪টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১।

**ট্রেডসম্যান মেট :** মাধ্যমিক পাশরা যোগ্য। সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা থাকলে ভালো হয়। শূন্যপদ : ৮টি (জেনাঃ ৫, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ২, প্রতিবন্ধী ১।

**ওয়্যাশারম্যান :** মাধ্যমিক পাশরা যোগ্য। মিলিটারি বা, সিভিলিয়ন জামা কাপড় ধোলাইয়ের কাজে দক্ষতা থাকতে হবে। শূন্যপদ : ১২টি (জেনাঃ ৯, ও.বি.সি. ১, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১।

**স্ট্যাটিস্টিক্যাল অ্যাসিস্ট্যান্ট :** অর্থনীতি, স্ট্যাটিস্টিক্স বা, অঙ্ক বিষয় নিয়ে ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। স্ট্যাটিস্টিক্যাল ওয়ার্ক বা, রিসার্চের কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকলে ভালো হয়। শূন্যপদ : ১টি (জেনাঃ)।

সব পদের বেলায় বয়স গুনতে হবে ১২-৭-২০২২'এর হিসাবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি. ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ১৮,০০০-৫৬,৯০০ টাকা।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। ২ ঘন্টার ১৫০ নম্বরের ১৫০টি অবজেক্টিভ টাইপের পরীক্ষায় থাকবে এইসব বিষয় : (১) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং -২৫ নম্বর, (২) নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউট -২৫ নম্বর, (৩) জেনারেল ইংলিশ - ৫০ নম্বর, (৪) জেনারেল অ্যাওয়ারনেস - ৫০ নম্বর। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। প্রশ্ন হবে মাধ্যমিক মানের। নেগেটিভ মার্কিং আছে।

দরখাস্ত করবেন সাধারণ কাগজে, নিচের বয়ানে। তখন সঙ্গে দেবেন : (১) বয়স, শিক্ষাগত যোগ্যতা ও কাস্ট সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, (২) নিজের নাম-ঠিকানা লেখা ও ২৫ টাকার ডাকটিকিট সাঁটা খাম, (৩) এখনকার তোলা ৩ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো (এক কপি দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে ও দু'কপি দরখাস্তের সঙ্গে গেঁথে), (৪) ১০০ টাকার পোস্টাল অর্ডার। 'Commandant MH Jalandhar Cantt'. দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন 'Application for the post........... দরখাস্তের বাঁদিকের কোণে সংরক্ষিত ক্যাটেগরি উল্লেখ করবেন। দরখাস্ত রেজিস্ট্রি ডাকে বা, স্পিড ডাকে পাঠাবেন। পৌঁছনো চাই ১২ জুলাইয়ের মধ্যে। এই ঠিকানায় : The Commandant, Military Hospital Jalandhar Cantt, Pin -144005. দরখাস্তের বয়ান :

### APPLICATION FORM

Annexure "A"

Application for the post of ______________
Ref Emp News Paper ______ Advertisement No.______ dated ______

The Commandant
Military Hospital Jalandhar Cantt
Pin Code No 144005 (Pb)

**Photo duly self attested**

1. Full Name (in Block letters) (a) (In Hindi) ______ (In English) ______
2. Father's Name / Husband's Name (In Block letters) ______
Mother's Name (In Block letters) ______
3. Date of Birth (as per school Certificate) ______
4. Age as on last date of receipt of application __years__months__ days
5. Category (Tick the correct option) (Gen / OBC / SC / ST / EWS / PH / ESM)) ______ enclosed certificate)
6. (a) Nationality ______ (b) Religion ______
7. Address in full with PIN Code and Mobile Number :-
(a) Communication Address : Village / Mohalla / House No. ______
Post Office ______ Tehsil ____ Police Station _____ District ______
State ______ Pin Code ______
Mobile Number ______
(b) Permanent Address : Village / Mohalla / House No. ______
Post Office ______ Tehsil ____ Police Station _____ District ______
State ______ Pin Code ______
Mobile Number ______
(c) E-mail ID ______
8. Details of Academic / Technical & Professional Qualifications.

| Name of the Exam Passed | Year of Passing | Name of Recognised University/ Board of Examination | % of marks obtained | Division | Remarks |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |

(Attested copies of certificate in support of above are to be enclosed)

9. Experience / if any (Please attach certificate) ______
10. Whether Govt Servant, if yes, give details of office address, post held, pay scale and date of entry in Govt Service ______

**Signature of candidate**

**DECLARATION**

1. I undertake that the above informations furnished is correct and true to the best of my knowledge. If at any stage it is found that informations furnished is wrong or important relevant information was hidden then my candidature will be cancelled immediately without any notice. If I am holding any post then my service will be terminated immediately without notice.
2. I can be transfer anywhere in India and I am ready to serve at the posted place willingly and without any condition.
3. I am aware and I have no objection that number of vacancies advertised for which I have applied can be abolished / decreased / increased without any notice before declaration of final result.

**Signature of the Candidate**
**Name** ______

(Left Thumb Impression of Male Candidate
Right Thumb impression in case of Female Candidate)

**Signature of the Candidate**
**Name** ______



# এবার নিজের “BOSS” নিজেই হন...

কম খরচে ফার্মেসি কোর্স করে Retail বা Wholesale ওষুধের ব্যবসায়ী হওয়ার সুবর্ণ সুযোগ এনেছে ‘HALDAR GROUP’

## D.Pharmacy | B.Pharmacy

Eligibility : HS Sc. (PCB/M with 50% Marks) | PCI Approved

Arts এবং Commerce-এর ছেলে-মেয়েদের আর চিন্তা নেই ! এখন সরকারি স্বীকৃত মুক্ত বিদ্যালয় থেকে Science নিয়ে উচ্চমাধ্যমিক পাশ করে কম খরচে সহজে ফার্মেসি কোর্স করার সুবর্ণ সুযোগ !!

পশ্চিমবঙ্গ | ব্যাঙ্গালোর | অন্ধ্রপ্রদেশ | রাজস্থান | ওড়িশা | দিল্লি | আসাম | উত্তরপ্রদেশ

- সকলের জন্য শিক্ষা
- উচ্চ শিক্ষার সুযোগ
- চাকুরিমুখি শিক্ষা
- সেবামূলক শিক্ষা
- কারিগরি শিক্ষা



## GOLDEN OPPORTUNITY

পশ্চিমবঙ্গের সমস্ত জেলাতে Franchisee দেওয়া হচ্ছে। নিজ এলাকায় নতুন নতুন সেন্টার খুলে স্বনির্ভর হতে সরাসরি যোগাযোগ করুন - “NO FRANCHISEE FEES”

8334923405

GNM নার্সিং | B.Sc নার্সিং | PARAMEDICAL
B.Ed | M.Ed | D.El.Ed | B.P.Ed | LLB | LLM
BA | B.Sc | B.Com | MA | M.Sc | M.Com | লাইব্রেরী সায়েন্স
BBA | MBA | BCA | MCA | B.Tech | M.Tech
POLYTECHNIC (CIVIL/MECHANICAL/ELECTRICAL) | ITI ফিটার, ITI ইলেক্ট্রিশিয়ান | B.Sc. AGRICULTURE, M.Sc. AGRICULTURE
M.Sc. MICROBIOLOGY, M.Sc. BIO-TECHNOLOGY | HOTEL MANAGEMENT, HOSPITAL MANAGEMENT | মাধ্যমিক (NIOS/RMV), উচ্চমাধ্যমিক (NIOS/RMV)

Ph.D → BENGALI/ENGLISH/EDUCATION/HISTORY/GEOGRAPHY/LAW ECONOMICS/MANAGEMENT/POLITICAL SCIENCE/SANSKRIT MATHEMATICS/PHYSICS/CHEMISTRY/BOTANY/ZOOLOGY

For Admission 7003323135

SCAN HERE
QR CODE

## HALDAR GROUP OF INSTITUTIONS

(WB GOVT. REG. NO: IV-1903-00118/2022)

An ISO 9001:2008 Certified Institute | www.haldargroup.org

কর্পোরেট অফিস ঃ সোনারপুর, মিশন পল্লী মোড়, কলকাতা - 700150



Ms. Riya Bhattacharyay
Academic Administrator


Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. Phone No. : (033) 2460 6211/12, Fax No. : (033) 2460-8233. E-Mail : karmsang@gmail.com